পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় ২০১৭-১৮ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	কেবল সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	কেবল ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	০৫	০৫	-	-	০৩	০২	২০% থেকে ৮০%	--	৫% থেকে ১১০%

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ***০৫***

০২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ : **অর্থছাড়ে বিলম্ব হওয়া , জনবলের স্বল্পতা, নিয়মিত প্রকল্প পরিচালক না থাকা , সুবিধাভোগী নির্বাচনে বিলম্ব হওয়; ইত্যাদি।**

০৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

প্রকল্পের নাম	সমস্যা	সুপারিশ
১. দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ (২য় সংশোধিত)	১. মাঠ সংগঠক কর্তৃক সদস্য বাছাই করে ভর্তির ক্ষেত্রে কিছু কিছু ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে; ২. ঋণের সুদ হার (সার্ভিস চার্জ) ১০% এর বেশি হওয়ায় তা পরিশোধ করা সুফলভোগীদের জন্য কষ্টকর হচ্ছে । ৩. মহিলা সুফলভোগী সদস্যদের জন্য প্রচলিত আইজিএ এর বাইরে নতুন নতুন বিকল্প কর্মসংস্থান সৃষ্টির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের ঘাটতি পরিলক্ষিত হয়েছে;	**১.** কারিগরি ও বৃত্তিমূলক বিষয়ে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। এক্ষেত্রে এলাকার চাহিদা নিরুপণ করে Need Based প্রশিক্ষণের বিষয় অন্তর্ভুক্ত করা যেতে পারে; **২.** ঋণের সুদের হার ১০% এর কম নির্ধারণ, ঋণ প্রদানের পর কিস্তি আদায় শুরু হওয়ার মধ্যে কিছুটা সময় গ্রেস পিরিয়ড থাকা, গরু মোটাতাজাকরণ ও গাভী পালন সংক্রান্ত ঋণের ক্ষেত্রে মাসিক/সাপ্তাহিক কিস্তির পরিবর্তে এককালীন পরিশোধযোগ্য হওয়ার বিষয়টি বাস্তবতার নিরিখে বিবেচনার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। ১) **৩.**পরবর্তীতে এধরনের প্রকল্প গ্রহণের সময় প্রশিক্ষণের বিষয় হিসেবে বিভিন্ন ট্রেড কোর্স যেমন, টেইলারিং, বিউটিফিকেশন, ইন্ডাস্ট্রিয়াল সুইং মেশিন, মোবাইল সার্ভিসিং, প্রাথমিক চিকিৎসা সেবা, ব্লক-বুটিক, নকসি কাঁথা, ভারমিন কম্পোস্ট ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

প্রকল্পের নাম	সমস্যা	সুপারিশ
২.দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মহিষের কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)।	১. প্রকল্প বাস্তবায়নে Critical Path Method (CPM) অনুসরণ পূর্বক সুনির্দিষ্ট ও বাস্তবসম্মদ কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা করা হয়নি, ফলে বিভিন্ন কম্পোনেন্ট-এর সংযোজন-বিয়োজন করে প্রকল্পটি ০২ বার সংশোধন করা হয়েছে এবং বাস্তবায়নকাল দুই বছর (৮০%) বৃদ্ধি করা হয়েছে এবং প্রকল্প ব্যয় ৫.২৪% বৃদ্ধি পেয়েছে; ২. মহিষের জন্য ঘাসের সংস্থান ও বিচরণের জন্য কোন চারণভুমি নেই। রায়পুরে ছোট একটি ডুবাতে অস্বাস্থ্যকর পরিবেশে অনকেগুলো মহিষের একত্রে অবস্থান পরিলক্ষিত হয়; ৩. আমদানী পর্যায়ে কোয়ারেন্টাইন না করায় মহিষ গুলোর সাথে মারাত্মক রোগ জীবাণু এসে থাকতে পারে ও রোগ সংক্রমনের ঝুঁকি রয়েছে;	১. ভবিষ্যতে এধরণের প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের উপযোগিতা যাঁচাই নিশ্চিত করত Critical Path Method (CPM) অনুসরণ পূর্বক সুনির্দিষ্ট ও বাস্তবসম্মত কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা করতে হবে যাতে গুণগত মান ঠিক রেখে প্রকল্প নির্ধারিত সময়ে শেষ করে সল্পসময়ে জনগণকে প্রকল্পের সুফল দেওয়া সম্ভব হয়; ২.প্রকল্পটির আওতায় ভারতের হরিয়ানা থেকে আমদানীকৃত মুরাহ্ জাতের মহিষের পালনের নিমিত্ত লক্ষীপুর জেলার রায়পুর ও মাদারীপুর জেলার রাজৈরে স্থাপিত প্রদর্শনী খামার দু টি'র যথাযথ ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে; ৩.ভবিষ্যতে বিদেশ থেকে গবাদিপ্রাণি আমদানির ক্ষেত্রে অবশ্যই সেগুলোর কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে;
৩.দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) ২য় সংশোধিত।	১. স্থানীয় পর্যায়ে প্রদেয় প্রশিক্ষণ এর গুণগতমান আশানুরুপ হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে; ২.চাহিদা থাকা সত্ত্বেও ডিপিপিতে প্রতি উপজেলা পর্যাপ্ত ক্ষুদ্রঋণ তহবিল না থাকায় অধিক হারে ঋণ সহায়তা প্রদান করা সম্ভব হচ্ছে না।	**১.** কারিগরি ও বৃত্তিমূলক বিষয়ে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। এলাকার চাহিদা নিরুপণ করে স্থানীয় পর্যায়ে Need Based প্রশিক্ষণের বিষয় অন্তর্ভুক্ত করে মানসম্মত প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে। পরবর্তীতে এধরনের প্রকল্প গ্রহণের সময় প্রশিক্ষণের বিষয় হিসেবে বিভিন্ন ট্রেড কোর্স যেমন, টেইলারিং, বিউটিফিকেশন, ইন্ডাস্ট্রিয়াল সুইং মেশিন, মোবাইল সার্ভিসিং, প্রাথমিক চিকিৎসা সেবা, ব্লক-বুটিক, নকসি কাঁথা, ভারমিন কম্পোস্ট ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো; **২.**প্রকল্প কার্যক্রম টেকসই করা এবং অধিক হারে সুফলভোগীদের সেবা প্রদানের স্বার্থে উপজেলায় ক্ষুদ্রঋণ তহবিল বৃদ্ধি এবং পৃথকভাবে উদ্যোক্তা ঋণ তহবিলের সংস্থান করে বিনিয়োগের মাধ্যমে সুফলভোগী নারীদের অধিক কর্মসংস্থান সৃষ্টির সুযোগ সম্প্রসারণ করা প্রয়োজন।
৪.পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) (২য় পর্যায়) (১ম সংশোধিত)।	১.প্রকল্পটির পরিকল্পিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে যথাসময়ে জনবল নিয়োগ না হওয়ায় প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম বিঘ্নিত হয়েছে; ২.প্রকল্প গ্রহণ এবং নির্দিষ্ট সময়ে DPP'র সংস্থান অনুযায়ী MTBFএর আওতায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক	**২.**ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যথাসময়ে জনবল নিয়োগের বিষয়টিকে গুরুত্ব প্রদান করতে হবে এবং এ সংক্রান্ত সকল অনুশাসন যথাযথভাবে অনুসরণ করতে হবে; ২.ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে এ ধরনের ব্যত্যয় অবশ্যই পরিহার করতে হবে ।

প্রকল্পের নাম	সমস্যা	সুপারিশ
	আর্থিক বরাদ্দ নিশ্চিত করা প্রয়োজন ছিল, তা না হওয়ায় আর্থিক ও বাস্তব অগ্রগতি অসম্পূর্ণ রেখে প্রকল্পের মেয়াদ শেষ হয় ।	
৫. আরডিএ খামার এবং ল্যাব স্কুল এন্ড কলেজ আধুনিকায়ন।	১. স্কুল এন্ড কলেজের একাডেমিক ভবনের ৩য় তলার পশ্চিম পার্শ্বে রসায়ন ল্যাবের একটি ওয়ালে বীম এবং ইটের গাঁথুনীর মাঝে সামান্য ফাটল পরিলক্ষিত হয়েছে। এছাড়া, মহিলা হোস্টলের আবাসিক কক্ষের ফ্যানগুলো নির্দিষ্ট দুরত্ব বজায় রেখে স্থাপন না করায় দুটি ফ্যান একসাথে চললে একটি আরেকটির সাথে আটকে যায়। ২. প্রকল্পের আওতায় দশতলা ভিত্তি বিশিষ্ট দুই তলা সেল্ফ হেলপ গ্রুপের জন্য নির্মিত ভবনটির আউটপুট পরিকল্পিতভাবে পাওয়া যাচ্ছে না। এ ভবনটিতে অপর একটি প্রকল্পের অর্থায়নে ৩য় ও ৪র্থ তলার উর্দ্ধমূখী সম্প্রসারণের কাজ চলমান থাকায় নির্মিত নীচের দু 'টি তলা ব্যবহৃত হয়নি বলে পরিদর্শনে সংশ্লিষ্ট কর্মকর্তা জানিয়েছেন। বর্তমানে উর্দ্ধমূখী সম্প্রসারণ কাজ সম্পন্ন হয়েছে। সেল্ফ হেলপ গ্রুপের জন্য উপযুক্ত প্রশিক্ষনার্থী না পাওয়া গেলে যে উদ্দেশ্যে ভবনটি নির্মিত হয়েছে তা ব্যাহত হওয়ার সম্ভাব না রয়েছে। পরিবার পরিজন নিয়ে আবাসিক ব্যবস্থাপনায় থেকে প্রশিক্ষণ গ্রহণের মানসিকতা এখনও আমাদের দেশে গড়ে উঠেনি। সে হিসেবে নির্মিত ভবনটির ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।	১.নির্মাণ কাজের যে সমস্ত ছোট খাট ত্রুটি -বিচ্যুতি পরিলক্ষিত হয়েছে তা যথা যথভাবে খতিয়ে দেখে দ্রুত মেরামত ও সংস্কার করা প্রয়োজন। এ বিষয়ে গৃহীত পদক্ষেপ আইএমইডি'কে অবহিত করতে হবে। ২. প্রকল্পটির আওতায় ১০ তলা ভিত্তি বিশিষ্ট ২ তলা সেল্ফ হেলপ গ্রুপের জন্য নির্মিত ভবনটি ব্যবহার উপযোগী করার নিমিত্ত মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহ ণ করা অত্যাবশ্যক। নতুবা এ ক্ষেত্রে সরকারের অর্থের অপচয় ঘটবে। ভবিষ্যতে এ ধরণের বিল্ডিং নির্মাণের ধারণা থেকে সংশ্লিষ্ট সকলকে সরে আসা সমীচীন হবে। ৩.প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহের মেরামত/রক্ষণাবেক্ষনের জন্য রাজস্ব বাজেটের আওতায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখা যেতে পারে।

দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মহিষের কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৭)

১.০ প্রকল্পের নাম : দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মহিষের কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)।

২.০ বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)।

৩.০ প্রশাসনিক মন্ত্রণালয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৪.০ প্রকল্প ব্যয় :

(কোটি টাকায়)

	অনুমোদিত ব্যয়			প্রকৃত ব্যয়	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের (%)
	মূল	১ম সংশোধিত	২য় সংশোধিত		৫.২৪%
মোট	১৬.৫৫	১৭.৮৯	১৮.২৪৪৭	১৭.৪১৭৬	
জিওবি	১২.৪১	১৩.৬৩	১৩.১৩৪৭	১৩.০৫৭৬	
বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)'র নিজস্ব তহবিল	৪.১৪	৪.২৬	৫.১১	৪.৩৬	

৫.০ প্রকল্পের অর্থায়ন: জিওবি অনুদান = ১৩১৩.৪৭ লক্ষ টাকা

মিল্কভিটার নিজস্ব তহবিল = ৫১১.০০ লক্ষ টাকা।

৬.০ বাস্তবায়নকাল :

অনুমোদিত বাস্তবায়নকাল			প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	১ম সংশোধিত	২য় সংশোধিত		
জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০১৫	জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০১৬	জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০১৭	জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০১৭	২৪ (চব্বিশ) মাস ৮০%

৭.০ প্রকল্প এলাকা : লক্ষীপুর জেলার রায়পুর উপজেলা (মূল কেন্দ্র) ও মাদারীপুর জেলার রাজৈর উপজেলা (উপ-কেন্দ্র)।

৮.০ প্রকল্পের উদ্দেশ্য :

ক) উন্নত দুধালো জাতের মহিষের সাথে সংকরায়নের মাধ্যমে দেশীয় মহিষের জাত উন্নয়ন করে দুগ্ধ উৎপাদন বৃদ্ধি।

খ) মুরাহ্ মহিষের বুল ষ্টেশন স্থাপন।

গ) দুগ্ধবতী মুরাহ্ মহিষের প্রদর্শনী খামার তৈরীর মাধ্যমে সমবায়ীদের মহিষ পালনে উদ্বুদ্ধকরণ।

ঘ) ব্রিডিং খামারে জন্ম নেয়া অতিরিক্ত বকনা ও ষাঁড় বাছুর সমবায়ীদের মধ্যে সাশ্রয়ী মূল্যে বিতরণ।

ঙ) সমবায়ী খামারীদের অর্ধ-আবদ্ধ পদ্ধতিতে দুগ্ধবতী মহিষ পালনে অনুপ্রানিত করা।

চ) মহিষের খামার সৃষ্টির মাধ্যমে লাভজনক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করা।

৯.০ প্রকল্পের পটভূমি:

দেশীয় মহিষের জাত উন্নয়ন ও দুধালো জাতের মহিষ পালনে সমবায়ীদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের আওতাধীন প্রতিষ্ঠান বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) কর্তৃক সরকারি অনুদান ও মিল্কভিটার অর্থায়নে "দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মহিষের কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন " প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রানিসম্পদ অধিদপ্তরের তথ্য অনুযায়ী আমাদের দেশ বর্তমানে প্রায় ১২ লক্ষ মহিষ আছে যার বেশীরভাগই দূর্গম চরাঞ্চলে পালন করা হয়। দেশী মহিষের দুগ্ধ উৎপাদন ক্ষমতা খুবই কম , দৈনিক গড়ে ১-২ লিটার। দেশের মোট দুধ উৎপাদনের মাত্র ৪% দুধ আসে মহিষ থেকে যেখানে পাশ্ববর্তী দেশ ভারত , পাকিস্তান ও নেপালে মহিষের দুধের অবদান যথাক্রমে ৫৩%, ৬৭% ও ৭১%। মহিষের দুধে ননীর পরিমান বেশী (৬-১০%) থাকে। সেক্ষেত্রে মিল্কভিটার সমবায়ীগণ তাদের নিজস্ব খামারে গাভীর সাথে দুধালো মুরাহ্ জাতের মহিষ পালন করলে খামারের মোট দুধের ননীর হার বৃদ্ধি পাবে এবং দুধের বিক্রয়মূল্যও বেশী হবে। এই চিন্তাভাবনা থেকেই মিল্কভিটা কর্তৃক "দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মহিষের কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন " শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পের অনুমোদিত মূল ডিপিপি অনুযায়ী ভারত থেকে মুরাহ্ মহিষ আমদানী করে রায়পুর , রাজৈর ও ভোলা সদর উপজেলার নির্বাচিত সুফলভোগী খামারীদের মধ্যে ঋণ নীতিমালার আলোকে বিতরণ এবং পরবর্তীতে পর্যায়ক্রমিকভাবে সাপ্তাহিক দুগ্ধ বিল হতে ঋন পরিশোধের ব্যবস্থা রেখে ডিপিপি প্রণয়ন করা হয়।

পরবর্তীতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে গত ২৬/০৯/২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভায় ভারতের দুধালো মুরাহ্ জাতের মহিষ পালনে খামারীদের অভিজ্ঞতার অভাবের কারনে মৃত্যুজনিত ঝুঁকি বৃদ্ধি পেতে পারে বিধায় , শুরুতেই সুফলভোগী খামারীদের মধ্যে মহিষগুলো সরাসরি বিতরণ না করে মিল্কভিটার ব্যবস্থাপনায় স্থাপিত নিজস্ব প্রদর্শনী খামারে প্রাথমিকভাবে মহিষগুলো লালন পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রদর্শনী খামারটি অত্র এলাকায় মহিষ পালনে সমবায়ীদের উদ্বুদ্ধকরণের পাশাপাশি খামারে জন্ম নেয়া বকনা ও এড়ে বাছুর ১.০-১.৫ বছর বয়সে আগ্রহী সমবায়ীদের মধ্যে সাশ্রয়ী মূল্যে বিতরণের ব্যবস্থা রেখে প্রকল্পের ২য় সংশোধনী জন্য ডিপিপি পুনর্গঠন করা হয়।

১০.০ প্রকল্পের মূল কার্যক্রম:

প্রকল্পের মূল কার্যক্রম হলোঃ

- ভূমি উন্নযন;
- মুরাহ্ মহিষের বুল ষ্টেশন স্থাপন;
- ০৫টি ব্রিডিং বুল ক্রয়;
- মুরাহ্ জাতের ২০০ টি দুগ্ধবতী মহিষ ক্রয়;
- মহিষের সেড ও স্টোর নির্মাণ (রাজৈর, মাদারিপুর);
- বিল্ডিং ও সেড নির্মাণ (রায়পুর, লক্ষীপুর);
- ডিপ টিউবওয়েল স্থাপন;
- মহিষের ব্রিডিং বুল থেকে ফ্রোজেন সিমেন তৈরীর জন্য রায়পুরে সিমেন ল্যাবরেটরী স্থাপন; ইত্যাদি।

১১.০ মূল্যায়ন পদ্ধতি (Methodology): আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে;

- ডিপিপি পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- স্টিয়ারিং কমিটির কার্যবিবরণী পর্যালোচনা;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১২.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডীপ ফ্রোজেন সীমেন, প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন ও বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন হয়নি। তবে, ব্রিডিং বুল ক্রয় করার কারণে ডীপ ফ্রোজেন সীমেন ক্রয় করা হয়নি।

১৩.০ **অংগ ভিত্তিক অগ্রগতি:**

প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির লক্ষ্যমাত্রা ও অর্জনের সারণি সংযুক্তি-২ এ রয়েছে। এক্ষেত্রে লক্ষনীয় যে, মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৬.৫৫ কোটি টাকা এবং সর্বশেষ আরডিপিপি অনুযায়ী প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৮.২৪ কোটি টাকা হলেও প্রকল্পটি মোট ১৭.৪১ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়িত হয়।

১৪.০ প্রকল্পের সংশোধন ও অনুমোদন :

প্রকল্পটি জুলাই, ২০১৩ হতে ডিসেম্বর ২০১৫ মেয়াদে এবং ১৬৫৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য গত ১৩-১০-২০১৩ তারিখে পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্প কাযর্ক্রম চলাকালীন সময়ে বাস্তবতার নিরিখে আইটেম সংখ্যা ও প্রাক্কলিত ব্যয় পরিবর্তণের কারণে প্রকল্প টি ১৭৮৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই, ২০১৩ হতে ডিসেম্বর ২০১৬ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ১০/০৯/২০১৫ খ্রিঃ তারিখে প্রকল্পটির ১ম সংশোধন এবং ১৮২৪.৪৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ও জুলাই, ২০১৩ হতে ডিসেম্বর ২০১৭ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ০৫/০৩/২০১৭ খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক প্রকল্পটির ২য় সংশোধনের অনুমোদন জারী হয় । সংশোধিত প্রকল্প প্রস্তাব অনুযায়ী জুলাই, ২০১৩ হতে ডিসেম্বর ২০১৭ মেয়াদে ১৭৪১.৭৬ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়ন সম্পন্ন করা হয়।

১৫.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:


প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)
প্রীতম কুমার দাস উপ-ব্যবস্থাপক	বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)	পূর্ণকালীন	২২-১২-২০১৩ হতে ৩১-১২-২০১৭	অতিরিক্ত

১৬. অর্থ বছর ভিত্তিক আরডিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

অর্থ বছর	সর্বশেষ আরডিপিপি'র সংস্থান		সর্বশেষ আরএডিপি বরাদ্দ		অর্থ ছাড় (বরাদ্দের %)		প্রকৃত ব্যয় (%)	
	জিওবি	মিল্ক ভিটা	জিওবি	মিল্ক ভিটা	জিওবি	মিল্ক ভিটা	জিওবি	মিল্ক ভিটা
২০১৩-১৪	৮৮	১৮	১০০	-	৯০ (৯০%)	-	৮৮ (৮৮%)	৫
২০১৪-১৫	২৩৯	৪	২৫০	-	২৫০ (১০০%)	-	২৩৯ (৯৫.৫%)	৭.৩
২০১৫-১৬	৫৯৮	২০৭.৫৪	৬০০	-	৬০০ (১০০%)	-	৫৯৭.৯ (৯৯.৫%)	১০০.০৮
২০১৬-১৭	২৫০	১৯৩.৫	২৫০	-	২৫০ (১০০%)	-	১২৩ (৪৯.২%)	১৪৩.৬১
২০১৭-১৮	১৩৮.৪৭	৮৮	২৬১	-	২৬১	-	২৫৫.৮৬	১৮০.০১

					(১০০%)		(৯৮%)	
মোট	১৩১৩.৪৭	৫১১.০০	১৪৬১		১৪৫১ (১০০%)	-	১৩০৫.৭৬ (৯০%)	৪৩৬.০০

বি: দ্র: - এডিপি এবং আরএডিপি বহিতে মিল্কভিটা অংশের বরাদ্দ বাজেট উল্লেখ থাকে না ।



আইএমইডি'র পর্যবেক্ষণ: উপর্যুক্ত সারণির তথ্যাদি বিশ্লেষণে দেখা যায় যে, প্রত্যেক অর্থবছরে ডিপিপি'র প্রাক্কলনের তুলনায় বরাদ্দ ও অর্থ ছাড় বেশি হয়েছে কিন্তু ব্যয় কম হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরে মোট বরাদ্দ ও ছাড়কৃত অর্থের কেবল ৪৯.২% ব্যয় হয়েছে।

১৭. প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় সংক্রান্ত তথ্যাদির বিশ্লেষণ:

প্রকল্পের আওতায় বিভিন্ন অর্থবছরে বিভিন্ন প্যাকেজের আওতায় সম্পাদিত বিভিন্ন ক্রয় কার্যক্রম নিম্নরূপ:

এক্ষেত্রে লক্ষণীয় যে, অনেক ক্রয়কৃত আইটেম অনুমোদিত ডিপিপি'র ক্রয় পরিকল্পনার কোন প্যাকেজের অন্তর্ভুক্ত নয়। এছাড়াও, প্যাকেজ জিডি-৫ এর আওতায় ক্রয়কৃত দুগ্ধবতী মহিষ (বাছুরসহ) ক্রয়ের ক্ষেত্রে কাজরে নির্দেশ দেওয়া হয়েছিল ১৯/০৬/২০১৬ তারিখ এবং তাতে এল/সি প্রাপ্তির ১৬ সপ্তাহের মধ্যে দুগ্ধবতী মহিষ (বাছুরসহ) সরবরাহের শর্ত ছিল। কিন্তু ২০০ সেট দুগ্ধবতী মহিষ (বাছুরসহ) মোট ০৫টি ধাপে বিভিন্ন তারিখে (প্রকল্পের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর) যেমন-১০/০৫/১৮ তারিখে ৮৭ সেট, ১৯/৭/১৮ তারিখে ৫০ সেট, ১৫/০৮/১৮ তারিখে ৩৫ সেট, ৩১/১০/১৮ তিরিখে ১৩ সেট ও ০২/১১/১৮ তারিখে ১৫ সেট দুগ্ধবতী মহিষ (বাছুরসহ) সরবরাহ করা হয়েছে।

ক্র: নং	প্যাকেজ	মূলধন ব্যয়ের ধরণ	ঠিকাদারের নাম	কার্য শুরু	কার্য শেষ	অনুমোদনকারী	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
		২০১৪-২০১৫ অর্থবছর					
১		বাইসাইকেল	সাগিতা ট্রেডার্স	১১/৬/১৫	২৫/৬/১৫		RFQ
২	GD-1	মেশিনারীজ ও অন্যান্য ইকুইপমেন্ট				Chairman /PD	
		লট-১	আইএমভি টেকনোলজিস	১৪/২/১৫	২৮/১/১৬		OTM
		লট-২	মিনিটিউব	১৪/২/১৫	৫/৪/১৬		OTM

ক্র: নং	প্যাকেজ	মূলধন ব্যয়ের ধরণ	ঠিকাদারের নাম	কার্য শুরু	কার্য শেষ	অনুমোদনকারী	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
			জিএমবিএইচ				
৩		কম্পিউটার ও আনুষঙ্গিক	শ্যামা সফট এন্ড টেকনোলজী	১১/৬/১৫	২৩/৬/১৫		RFQ
৪		ডাটাবেজ ম্যানেজমেন্ট সামগ্রী	সিমেক্স এলায়েন্স বিডি লি:	১১/৬/১৫	২৩/৬/১৫		RFQ
৫		অফিস ইকুইপমেন্ট ও কনজিউমেবলস	ভিশন নেটওয়ার্ক	১১/৬/১৫	২৩/৬/১৫		RFQ
৬		ফার্নিচার	বনশিল্প উন্নয়ন কর্পোরেশন	১০/৬/১৫	১৩/১২/১৫		DPM
		২০১৫-২০১৬ অর্থবছর					
১	GD-1	মেশিনারীজ (তরল নাইট্রোজেন ক্যান)	জেনটেক ইন্টারন্যাশনাল	১৬/১/১৬	৯/৮/১৬	Chairman /PD	OTM
২	GD-2	ইলেকট্রিক ইকুইপমেন্ট	মেসার্স মীর্জা কনষ্ট্রাকশন	২১/৩/১৬	২৮/৬/১৬	Chairman /PD	OTM
৩	GD-5	দুগ্ধবতী মহিষ (বাছুরসহ)	জেনটেক ইন্টারন্যাশনাল	১৯/৬/১৬	দুগ্ধবতী মহিষ (বাছুরসহ) পাঁচ ধাপে গ্রহণ করা হয়েছে।	Chairman /PD	OTM
					ধাপ / দুগ্ধবতী মহিষ (বাছুরসহ) / তারিখ		
					১ম / ৮৭ সেট / ১০/০৫/১৮		
					২য় / ৫০সেট / ১৯/৭/১৮		
					৩য় / ৩৫সেট / ১৫/০৮/১৮		
					৪র্থ / ১৩সেট / ৩১/১০/১৮		
					৫ম / ১৫সেট / ০২/১১/১৮		
		২০১৬-২০১৭ অর্থবছর					
১		মিক্সিং মেশিন	সর্দার গ্লোবাল ট্রেডিং কোঃ	৪/৫/১৭	১৮/৬/১৭		RFQ
২	GD-4	ব্রিডিং বুল মহিষ	জেনটেক ইন্টারন্যাশনাল	২৬/৪/১৭	৩১/১২/১৭	Chairman /PD	OTM
৩	GD-2	বুলসেড, সিমেন ল্যাব ভবন নির্মান	মেসার্স মোনালিসা	২০/৯/১৫	৩০/৬/১৬	Chairman /PD	OTM

ক্র: নং	প্যাকেজ	মূলধন ব্যয়ের ধরণ	ঠিকাদারের নাম	কার্য শুরু	কার্য শেষ	অনুমোদনকারী	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
			(**Milkvita fund**)				
৪	WD-1	প্রশিক্ষণ কেন্দ্র, গো-খদ্য গুদাম নির্মাণ	রশীদ ব্রাদার্স (**Milkvita fund**)	১৬/১/১৬	৩১/১২/১৬	Chairman /PD	OTM
		২০১৭-২০১৮ অর্থবছর					
১		ডাটাবেজ সফটওয়্যার তৈরী	এম পাওয়ার	১১/১১/১৭	২৭/১২/১৭		RFQ
২	WD-3	সেড নির্মান (রায়পুর) (**GOB+Milkvita**)	রশীদ ব্রাদার্স (**GOB** নীচে দেখানো)	১৪/৫/১৭	১৯/১২/১৭	Chairman /PD	OTM
৩	WD-4	সেড নির্মান (টেকেরহাট)	সফল এন্টারপ্রাইজ	১১/৫/১৭	২৬/১২/১৭	Chairman /PD	OTM
	WD-4	বায়োগ্যাস নির্মান (টেকেরহাট)	পল্লী উন্নয়ন একাডেমী		২৮/১২/১৭	Chairman /PD	OTM

১৮.০ প্রকল্পের সার্বিক অগ্রগতি:

প্রকল্পটির মূল অনুমোদিত ব্যয় ১৬৫৫.০০ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনপূর্বক ১৮২৪.৪৭ লক্ষ টাকা এবং বাস্তবায়ন কাল জুলাই ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত থাকলেও পরবর্তীতে জুলাই ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত নির্ধারণ করা হয়। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্যানুযায়ী প্রকল্পটি ১৭৪১.৭৬ লক্ষ টাকা প্রকৃত ব্যয়ে ডিসেম্বর ২০১৭ তারিখে সমাপ্ত হয়েছে। প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৯৫.৪৭% এবং বাস্তব অগ্রগতি ৯৭%।

১৯.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জন (পিসিআর-এ প্রাপ্ত তথ্য ও আইএমইডি'র পর্যবেক্ষণ)

ডিপিপি অনুযায়ী লক্ষ্য ও উদ্দেশ্য	প্রকৃত অগ্রগতি (পিসিআর এর তথ্য অনুসারে)	ব্যাত্যয় থাকলে তার কারণ	আইএমইডি'র পর্যবেক্ষণ
উন্নত দুধালো জাতের মহিষের সাথে সংকরায়নের মাধ্যমে দেশীয় মহিষের জাত উন্নয়ন করে দুগ্ধ উৎপাদন বৃদ্ধি।	মিল্ক ভিটার মহিষের খামারে ফ্রোজেন সীমেন ব্যবহৃত হচ্ছে।		উন্নত দুধালো জাতের মহিষের সাথে সংকরায়নের কার্যক্রম শুরু হয়নি বিধায় দেশীয় মহিষের জাত উন্নয়ন হচ্ছে না। এমনকি স্থানীয় জনগণের প্রকল্প সম্পর্কে সম্যক ধারণা নেই। এছাড়াও, প্রকল্পের খামারের পার্শ্ববর্তী ইউনিয়নে মহিষ পালনের প্রচলন কম, তবে সংশ্লিষ্ট জেলার চরাঞ্চলে মহিষ পালনের প্রচলন রয়েছে।
কৃত্রিম প্রজনন ও সীমেন উৎপাদনের জন্য মুরাহ্ মহিষের বুল ষ্টেশন স্থাপন।	ভারতের হরিয়ানা থেকে ০৫টি মুরাহ্ মহিষের বুল ক্রয় করা হয়েছে।		বাস্তবায়িত।
দুগ্ধবতী মুরাহ্ মহিষের প্রদর্শনী খামার তৈরীর মাধ্যমে সমবায়ীদের মহিষ পালনে উদ্বুদ্ধকরণ। ব্রিডিং খামারে	লক্ষীপুরের রায়পুরে ০১টি ও মাদারীপুরের টেটেরহাটে ০১টি অর্থাৎ মোট ০২টি দুগ্ধবতী মুরাহ্	০১ বছর পর মহিষের বাছুর আগ্রহী কৃষকদের মধ্যে স্বল্পমূল্যে বিতরণ	কৃষকদের মধ্যে মহিষ পালনের সুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কোন প্রকার কার্যক্রম পরিচালনা করা হয়নি বিধায়

ডিপিপি অনুযায়ী লক্ষ্য ও উদ্দেশ্য	প্রকৃত অগ্রগতি (পিসিআর এর তথ্য অনুসারে)	ব্যাত্যয় থাকলে তার কারণ	আইএমইডি'র পর্যবেক্ষণ
জন্ম নেয়া অতিরিক্ত বকনা ও ষাঁড় বাছুর সমবায়ীদের মধ্যে সাশ্রয়ী মূল্যে বিতরণ।	মহিষের প্রদর্শনী খামার স্থাপন করা হয়েছে। এ খামার দুটির প্রতিটিতে ১০০ করে মোট ২০০টি দুগ্ধবতী মুরাহ্ মহিষ রয়েছে।	করা হবে।	তারা এ বিষয়ে অবগত নন।
সমবায়ী খামারীদের অর্ধ-আবদ্ধ পদ্ধতিতে দুগ্ধবতী মহিষ পালনে অনুপ্রানিত করা।	কৃষকগণ মুরাহ্ মহিষের প্রদর্শনী খামার পরিদর্শন ও পর্যবেক্ষণ করছেন এবং মহিষ পালন ও দুধ সংগ্রহের প্রক্রিয়া সম্পর্কে জ্ঞান অর্জন করছেন।		কৃষকদের মধ্যে মহিষ পালনের সুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কোন প্রকার কার্যক্রম পরিচালনা করা হয়নি বিধায় তারা এ বিষয়ে অবগত নন।
মহিষের খামার সৃষ্টির মাধ্যমে লাভজনক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করা।	মহিষের দুধের ফেট কনটেন্ট (৬.৫-১০%) ও গরুর দুধের ফেট কনটেন্ট (৩.৫-৫%)। ফলে দই ও ঘি উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে মহিষের দুধ ক্রয়ের আগ্রহ বেশি। তবে, মহিষের প্রজনন ও দুধ উৎপাদনের জন্য সবুজ ঘাস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মিল্ক ভিটার সবুজ ঘাস উৎপাদনের জন্য পর্যাপ্ত জমি নেই বিধায় নিকটবর্তী হাইব্রিড ঘাস উৎপাদনকারী কৃষকদের নিকট হতে সবুজ ঘাস ক্রয় করা হচ্ছে।		কৃষকদের মধ্যে মহিষ পালনের সুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কোন প্রকার কার্যক্রম পরিচালনা করা হয়নি বিধায় তারা এ বিষয়ে অবগত নন।

২০.০ প্রকল্প পরিদর্শন:

সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মহিষের কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) " শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়নের লক্ষ্যে আগস্ট-সেপ্টেম্বর,২০১৯ মাসে উক্ত প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন ও প্রকল্প অফিসে প্রকল্পের ক্রয় সংক্রান্ত ডকুমেন্ট পর্যালোচনা করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রকল্পের কর্মকর্তা/কর্মচারী ও সুফলভোগীদের সাথে মতবিনিময় করা হয়। উক্ত প্রকল্প সরেজমিন পরিদর্শন কার্যক্রমের স্থির চিত্র সংযুক্তি-৩ এ উপস্থাপন করা হলো । উক্ত পরিদর্শনান্তে দেখা যায় যে, লক্ষীপুর জেলার রায়পুর ও মাদারীপুর জেলার রাজৈরে ভারতের হরিয়ানা থেকে আমদানীকৃত মুরাহ্ জাতের মহিষের ০২টি প্রদর্শনী খামার স্থাপন করা হয়েছে। প্রতিটি খামারে মুখোমুখি পদ্ধতিতে নির্মিত সেডে দুগ্ধবতী মহিষ এবং বাছুর লালন পালন করা হচ্ছে। রায়পুর উপজেলায় মুরাহ্ মহিষের বুল ষ্টেশন স্থাপন করা হয়েছে। সেখানে ভারতের হরিয়ানা থেকে আমদানীকৃত মুরাহ্ জাতের ০৫টি বুল আছে। মহিষের ব্রিডিং বুল থেকে ফ্রোজেন সিমেন তৈরীর জন্য রায়পুরে সিমেন ল্যাবরেটরী স্থাপন করা হয়েছে। উল্লেখ্য, রায়পুরে ১০০টি দুগ্ধবতী মহিষের সাথে ৮৫টি বাছুর আনা হয়েছিল যার মধ্যে ০৩টি বাছুর মারা গেছে এবং টেকেরহাটে ১০০টি দুগ্ধবতী মহিষের সাথে ৯৩টি বাছুর আনা হয়েছিল যার মধ্যে ০১টি দুগ্ধবতী মহিষ ও ১৬টি বাছুর মারা গেছে। প্রকল্পটি পরিদর্শনান্তে দেখা যায়, মহিষের জন্য ঘাসের সংস্থান ও বিচরণের জন্য কোন চারণভুমি নেই। রায়পুরে ছুট একটি ডুবাতে অস্বাস্থ্যকর পরিবেশে অনকেগুলো মহিষের একত্রে অবস্থান পরিলক্ষিত হয়। এছাড়াও, প্রকল্প পরিচালক ও অন্যান্য কর্মকর্তাদের সাথে মতবিনিময়ে জানা যায়, প্রতিটি খামারে দানাদার খাবার, খড়, শ্রমিকের বেতন, ইউটিলিটি কস্ট ও ঔষধ বাবদ দৈনিক প্রায় ৩৫৮৫০টাকা ব্যয় হয়। অপর দিকে দুধ বিক্রি করে দৈনিক আয় হয় প্রায় ১৩৫০০টাকা। অর্থাৎ দৈনিক লস হচ্ছে ২২৩৫০টাকা। এ হিসাবে মাসে দুটি খামারে প্রায় ১৩৪১০০০ (তের লক্ষ একচল্লিশ হাজার) টাকা লস হচ্ছে যা মিল্কভিটার নিজস্ব তহবিল অর্থাৎ সমবায়িদের সঞ্চয় থেকে মিটানো হচ্ছে। কিন্তু, পিসিআর-এ প্রাক্কলিত ও প্রকৃত Benefit Cost Ratio একই অর্থাৎ 1.097@15%discount দেখানো হয়েছে এবং প্রাক্কলিত ও প্রকৃত Internal Rate of Return (IRR) একই অর্থাৎ 1.044@60% discount দেখানো হয়েছে। এছাড়াও, ব্রিডিং বুল থেকে সংগৃহীত সীমেনরও বাজারজাতকরণ তথা বিতরণ হচ্ছে না। ফলে, উন্নত দুধালো জাতের মহিষের সাথে সংকরায়নের কার্যক্রম শুরু হয়নি বিধায় দেশীয় মহিষের জাত উন্নয়ন হচ্ছে না। এমনকি স্থানীয় জনগণের প্রকল্প সম্পর্কে সম্যক ধারণা নেই। এছাড়াও, প্রকল্পের খামারের পার্শ্ববর্তী ইউনিয়নে মহিষ

পালনের প্রচলন কম, তবে সংশ্লিষ্ট জেলার চরাঞ্চলে মহিষ পালনের প্রচলন রয়েছে। এছাড়াও, কৃষকদের মধ্যে মহিষ পালনের সুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কোন প্রকার কার্যক্রম পরিচালনা করা হয়নি বিধায় তারা এ বিষয়ে অবগত নন।

২১. প্রকল্পের সবল ও দুর্বল দিক এবং সুযোগসমুহ:

দুর্বল দিক:

১. প্রকল্প প্রণয়নের পূর্বে চাহিদা বা উপযোগিতা যাঁচাই করা হয়নি;

২. প্রকল্প বাস্তবায়নে Critical Path Method (CPM) অনুসরণ পূর্বক সূনির্দিষ্ট ও বাস্তবসম্মদ কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা করা হয়নি, ফলে বিভিন্ন কম্পোনেন্ট-এর সংযোজন-বিয়োজন করে প্রকল্পটি ০২বার সংশোধন করা হয়েছে এবং বাস্তবায়নকাল দুই বছর (৮০%) বৃদ্ধি করা হয়েছে;

৩.কৃষকদের মধ্যে মহিষ পালনের সুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কোন প্রকার কার্যক্রম পরিচালনা করা হয়নি বিধায় তারা এ বিষয়ে অবগত নন।

সবল দিক:

১. কৃত্রিম প্রজনন ও সীমেন উৎপাদনের জন্য মুরাহ্ মহিষের বুল ষ্টেশন স্থাপন ও ভারতের হরিয়ানা থেকে ০৫টি মুরাহ্ মহিষের বুল ক্রয়;

২. মহিষের ব্রিডিং বুল থেকে ফ্রোজেন সিমেন তৈরীর জন্য রায়পুরে সিমেন ল্যাবরেটরী স্থাপন;

৩. মহিষের দুধের ফেট কনটেন্ট বেশি অর্থাৎ ৬.৫-১০% ।

প্রকল্প বাস্তবায়নের ফলে সৃষ্ট সুযোগ:

১. উন্নত দুধালো জাতের মহিষের সাথে সংকরায়নের মাধ্যমে দেশীয় মহিষের জাত উন্নয়ন;

২. মহিষের দুধের ফেট কনটেন্ট (৬.৫-১০%) বেশি হওয়ায় গরুর দুধের সাথে মিশালে গড় ফেট কন্টেন্ট বাড়বে। ফলে, খামারীরা দুধের মূল্য বেশি পাওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে;

৩. দই ও ঘি উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে মহিষের দুধ ক্রয়ের আগ্রহ বেশি। এছাড়াও, দুগ্ধজাত খাবার তৈরি শিল্পের বিকাশের সুযোগ সৃষ্টি হয়েছে।

ঝঁকি:

১. মহিষের কোয়ারেন্টাইন না হওয়া;

২. মহিষের প্রজনন ও দুধ উৎপাদনের জন্য সবুজ ঘাস গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী সবুজ ঘাসের পর্যাপ্ত সরবরাহ না থাকা;

৩. মহিষের বিচরণের জন্য পর্যাপ্ত জায়গা ও অতিরিক্ত তাপ প্রশমনের জন্য জলাভূমি না থাকা;

২২.০ সার্বিক পর্যবেক্ষণ:

২২.১ প্রকল্প বাস্তবায়নে Critical Path Method (CPM) অনুসরণ পূর্বক সুনির্দিষ্ট ও বাস্তবসম্মদ কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা করা হয়নি, ফলে বিভিন্ন কম্পোনেন্ট-এর সংযোজন-বিয়োজন করে প্রকল্পটি ০২ বার সংশোধন করা হয়েছে এবং বাস্তবায়নকাল দুই বছর (৮০%) বৃদ্ধি করা হয়েছে এবং প্রকল্প ব্যয় ৫.২৪% বৃদ্ধি পেয়েছে;

২২.২ এ ধরনের প্রকল্প জীব বৈচিত্রের উপর বিরুপ প্রভাব তৈরী করার সম্ভাবনা থাকা সত্ত্বেও প্রকল্পটি গ্রহণের পূর্বে কোন প্রকার সমীক্ষা বা স্টাডি করা হয়নি;

২২.৩ প্রকল্পটির আওতায় লক্ষীপুর জেলার রায়পুর ও মাদারীপুর জেলার রাজৈরে ভারতের হরিয়ানা থেকে আমদানীকৃত মুরাহ্ জাতের মহিষের ০২টি প্রদর্শনী খামার স্থাপন করা হয়েছে। এছাড়াও, রায়পুর উপজেলায় মুরাহ্ মহিষের বুল ষ্টেশন স্থাপন করা হয়েছে। সেখানে ভারতের হরিয়ানা থেকে আমদানীকৃত মুরাহ্ জাতের ০৫টি বুল আছে;

২২.৪ প্রকল্পের আওতায় ক্রয়কৃত ২০০ সেট দুগ্ধবতী মহিষ (বাছুরসহ) মোট ০৫টি ধাপে বিভিন্ন তারিখে (প্রকল্পের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর) যেমন-১০/০৫/১৮ তারিখে ৮৭ সেট, ১৯/৭/১৮ তারিখে ৫০ সেট, ১৫/০৮/১৮ তারিখে ৩৫ সেট, ৩১/১০/১৮ তিরিখে ১৩ সেট ও ০২/১১/১৮ তারিখে ১৫ সেট সরবরাহ করা হয়েছে।

২২.৫ মহিষের ব্রিডিং বুল থেকে ফ্রোজেন সিমেন তৈরীর জন্য রায়পুরে আধুনিক সিমেন ল্যাবরেটরী স্থাপন করা হয়েছে;

২২.৬ রায়পুরে ১০০টি দুগ্ধবতী মহিষের সাথে ৮৫টি বাছুর আনা হয়েছিল যার মধ্যে ০৩টি বাছুর মারা গেছে এবং টেকেরহাটে ১০০টি দুগ্ধবতী মহিষের সাথে ৯৩টি বাছুর আনা হয়েছিল যার মধ্যে ০১টি দুগ্ধবতী মহিষ ও ১৬টি বাছুর মারা গেছে;

২২.৭ মহিষের জন্য ঘাসের সংস্থান ও বিচরণের জন্য কোন চারণভুমি নেই। রায়পুরে ছোট একটি ডুবাতে অস্বাস্থ্যকর পরিবেশে অনকেগুলো মহিষের একত্রে অবস্থান পরিলক্ষিত হয়;

২২.৮ প্রতিটি খামারে দানাদার খাবার, খড়, শ্রমিকের বেতন, ইউটিলিটি কস্ট ও ঔষধ বাবদ দৈনিক প্রায় ৩৫৮৫০.০০টাকা ব্যয় হয়। অপর দিকে দুধ বিক্রি করে দৈনিক আয় হয় প্রায় ১৩৫০০.০০টাকা। অর্থাৎ দৈনিক লস হচ্ছে ২২৩৫০.০০টাকা। এ হিসাবে মাসে দুটি খামারে প্রায় ১৩৪১০০০.০০ (তের লক্ষ একচল্লিশ হাজার) টাকা লস হচ্ছে যা মিল্কভিটার নিজস্ব তহবিল অর্থাৎ সমবায়িদের সঞ্চয় থেকে মিটানো হচ্ছে;

২২.৯ প্রকল্প পরবর্তী সময়ে খামার ব্যবস্থাপনায় মাসে দুটি খামারে প্রায় ১৩৪১০০০.০০ (তের লক্ষ একচল্লিশ হাজার) টাকা ক্ষতি ও কোন সীমেন বিক্রি না হলেও পিসিআর-এ প্রাক্কলিত ও প্রকৃত Benefit Cost Ratio একই অর্থাৎ 1.097@15% discount দেখানো হয়েছে এবং প্রাক্কলিত ও প্রকৃত Internal Rate of Return (IRR) একই অর্থাৎ 1.044@60% discount দেখানো হয়েছে;

২২.১০ উন্নত দুধালো জাতের মহিষের সাথে সংকরায়নের কার্যক্রম শুরু হয়নি বিধায় দেশীয় মহিষের জাত উন্নয়ন হচ্ছে না। এমনকি স্থানীয় জনগণের প্রকল্প সম্পর্কে সম্যক ধারণা নেই। এছাড়াও, প্রকল্পের খামারের পার্শ্ববর্তী ইউনিয়নে মহিষ পালনের প্রচলন কম, তবে সংশ্লিষ্ট জেলার চরাঞ্চলে মহিষ পালনের প্রচলন রয়েছে;

২২.১১ কৃষকদের মধ্যে মহিষ পালনের সুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কোন প্রকার কার্যক্রম পরিচালনা করা হয়নি বিধায় তারা এ বিষয়ে অবগত নন;

২২.১২ মহিষের দুধের ফেট কনটেন্ট (৬.৫-১০%) বেশি হওয়ায় গরুর দুধের সাথে মিশালে গড় ফেট কন্টেন্ট বাড়বে। ফলে, খামারীরা দুধের মূল্য বেশি পাওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে;

২২.১৩ আমদানী পর্যায়ে কোয়ারেন্টাইন না করায় মহিষ গুলোর সাথে মারাত্মক রোগ জীবাণু এসে থাকতে পারে ও রোগ সংক্রমনের ঝুঁকি রয়েছে;

২২.১৪ ডিপিপি অনুযায়ী প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভাপতি হচ্ছেন সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভাপতি হচ্ছেন যুগ্ম-সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। কিন্তু ক্রয় পরিকল্পনায় Head of Procuring Entity (HOPE) হিসাবে রয়েছেন মিল্ক ভিটা'র চেয়ারম্যান/প্রকল্প পরিচালক।

২৩.০ সুপারিশমালাঃ

২৩.১ প্রকল্পটির আওতায় ভারতের হরিয়ানা থেকে আমদানীকৃত মুরাহ্ জাতের মহিষের পালনের নিমিত্ত লক্ষীপুর জেলার রায়পুর ও মাদারীপুর জেলার রাজৈরে স্থাপিত প্রদর্শনী খামার দুটি'র যথাযথ ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে;

২৩.২ প্রকল্পটির আওতায় রায়পুরে স্থাপিত আধুনিক সিমেন ল্যাবরেটরী কার্যকর রাখা ও মহিষের ব্রিডিং বুল থেকে ফ্রোজেন সিমেন তৈরী ও সংরক্ষণের নিমিত্ত একজন কৃত্রিম প্রজনন বিশেষজ্ঞ-কে দায়িত্ব দিতে হবে;

২৩.৩ উন্নত দুধালো জাতের মহিষের সাথে সংকরায়নের মাধ্যমে দেশীয় মহিষের জাত উন্নয়ন করে দুগ্ধ উৎপাদন বৃদ্ধি র লক্ষ্যে খামার দুটি থেকে মহিষের বাচ্চা মিল্ক ভিটার সমবায়িদের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

২৩.৪ ভবিষ্যতে এধরণের প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের উপযোগিতা যাঁচাই নিশ্চিত করত Critical Path Method (CPM) অনুসরণ পূর্বক সৃনির্দিষ্ট ও বাস্তবসম্মত কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা করতে হবে যাতে গুণগত মান ঠিক রেখে প্রকল্প নির্ধারিত সময়ে শেষ করে সল্পসময়ে জনগণকে প্রকল্পের সুফল দেওয়া সম্ভব হয়;

২৩.৫ ভবিষ্যতে বিদেশ থেকে গবাদিপ্রাণি আমদানির ক্ষেত্রে অবশ্যই সেগুলোর কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে;

২৩.৬ কৃষকদের মধ্যে মহিষ পালনের সুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে;

২৩.৭ প্রকল্পের আওতায় সম্পাদনকৃত কার্যক্রম ও সুফলসমুহের টেকসইকরণের নিমিত্ব প্রদর্শনী খামার দু'টি ও ব্রিডিং বুল স্টেশনের যথাযথ ব্যবস্থাপনা এবং সংগৃহীত সীমেনের বিতরণ ও ব্যবহার নিশ্চিতকরণের উদ্যোগ মিল্ক ভিটা-কে নিতে হবে;

২৩.৮ প্রকল্পের যথাযথ টেকসই পরিকল্পনা না থাকায় বর্তমানে প্রতি মাসে প্রায় ১৩.৪১ লক্ষ টাকা লোকসান হচ্ছে। এমতাবস্থায়, ভবিষ্যতে প্রকল্প প্রণয়নে আরও যত্নবান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

অংগের নাম	একক	ডিপিপি'র লক্ষ্যমাত্রা		অগ্রগতি		বিচ্যুতির কারণ
		আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
১	২	৩	৪	৫	৬	৭
রাজস্ব খাত						
ভ্রমণ ভাতা	থোক	২.০০	-	২.০ (১০০%)	-	
পিক আপ এর ফুয়েল	থোক	৬.০০	-	৬.০ (১০০%)	-	
মুদ্রণ ও বাঁধাই	থোক	১.০০	-	১.০ (১০০%)	-	
ষ্টেশনারী	থোক	৩.০০	-	৩.০ (১০০%)	-	
PSI Fee	থোক	৬.০০	-	৬.০ (১০০%)	-	
পশিক্ষণ (বৈদেশিক)	জন	২৫.০০	-	০ (০%)	-	
আপ্যায়ন	থোক	১.০০		১.০ (১০০%)	-	
ফ্রোজেন সিমেন	ডোস	৫০.০০	৪০০০	০ (০%)	-	
মহিষের খাদ্য খরচ (খড়, ঘাস)	থোক	৭৩.০০	-	৭৩.০ (১০০%)	-	
সম্মানী ভাতা	থোক	৩.০০	-	৩.০ (১০০%)	-	
প্রকল্প মূল্যায়ন	থোক	৩.০০	-	০ (০%)	-	
কম্পিউটার সামগা	থোক	১.০০		১.০	-	

অংগের নাম	একক	ডিপিপি'র লক্ষ্যমাত্রা		অগ্রগতি		বিচ্যুতির কারণ
		আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
১	২	৩	৪	৫	৬	৭
				(১০০%)		
অন্যান্য অফিস ব্যয়	থোক	১০.০০	-	১০.০ (১০০%)	-	
মটর যানবাহন মেরামত	থোক	২.০০	-	২.০ (১০০%)	-	
কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত	থোক	১.০০	-	১.০ (১০০%)	-	
যন্ত্রপাতি সরঞ্জাম মেরামত	থোক	১.০০	-	১.০ (১০০%)	-	
অন্যান্য মেরামত	থোক	১.০০	-	১.০ (১০০%)	-	
মোট ঃ রাজস্ব ব্যয়		**১৮৯.০০**		১১১.০		
মূলধন খাত						
পিক-আপ ভ্যান	সংখ্যা	৮৫.০০	২	৮৫.০ (১০০%)	২ (১০০%)	
বাই-সাইকেল	সংখ্যা	৪.৫০	৪৫	৪৩৫ (১০০%)	৪৫ (১০০%)	
যন্ত্রপাতি সরঞ্জাম	সংখ্যা	২৬২.০০	৪৮	২৬২.০ (১০০%)	৪৮ (১০০%)	
বুল ও খামার যন্ত্র	থোক	৫.০০	-	৫.০ (১০০%)	-	
দুগ্ধ দোহন মেশিন	সংখ্যা	৫.০০	৬	৫.০ (১০০%)	৬ (১০০%)	
কম্পিউটার ও আনুষঙ্গিক	সংখ্যা	৫.৩০	৬	৫.৩ (১০০%)	৬ (১০০%)	
ডাটাবেজ ম্যানেজমেন্ট	থোক	১০.০০	-	৯.৬	-	

অংগের নাম	একক	ডিপিপি'র লক্ষ্যমাত্রা		অগ্রগতি		বিচ্যুতির কারণ
		আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
১	২	৩	৪	৫	৬	৭
				(১০০%)		
অফিস সরঞ্জাম	থোক	৪.০০	-	৪.০ (১০০%)	-	
আসবাবপত্র	সেট	৩.০০	২৫	৩.০ (১০০%)	২৫ (১০০%)	
ল্যাবরেটরী সামগ্রী	থোক	৩.০০	-	৩.০ (১০০%)	-	
বৈদ্যুতিক সরঞ্জামাদি (জেনারেটর)	সেট	২৩.০০	১	২২.৯ (৯৯.৫৬%)	১ (১০০%)	
রেফ্রিজারেটর, গীজার ইত্যাদি	সংখ্যা	২.০০	৪	২.০ (১০০%)	৪ (১০০%)	
Milking Buffalo	সংখ্যা	৬০০.০০	২০০	৬০০.০০ (১০০%)	২০০ (১০০%)	
Breeding Buffalo	সংখ্যা	৩০.০০	৫	৩০.০০ (১০০%)	৫ (১০০%)	
ভূমি উন্নয়ন	একর	১৮.০০	৫.৭১	১৮.০ (১০০%)	৫.৭১ (১০০%)	
বিল্ডিং ও সেড তৈরী (রায়পুর, লক্ষীপুর)		৩৭৩.৬৭	১০টি			
মহিষের সেড, ষ্টোর তৈরী (রাজৈর)		১৭২.০০	৪টি			
ডিপ টিউবওয়েল স্থাপন		১২.০০	৩টি	১২.০ (১০০%)	৩ (১০০%)	
কাষ্টমস ডিউটি ও ভ্যাট	থোক	১৮.০০	-	১৮.০ (১০০%)	-	
মোট ঃ মূলধন ব্যয়		**১৬৩৫.৪৭**		১৭৪১.৭৬ (৯৫.৪৭%)		
মোট (রাজস্ব+মূলধন)		**১৮২৪.৪৭**				

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) ২য় সংশোধিত শীর্ষক প্রকল্পেরসমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৮)

১। প্রকল্পের অবস্থান : বাগেরহাট, খুলনা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, যশোর, নড়াইল, ঝিনাইদহ, মাগুরা, সাতক্ষীরা, বরিশাল, বরগুনা, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর ।

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) ।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় / পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
মোট-৭৪৫৪.৮৩.০০ টাকা-৭৪৫৪.৮৩	মোট-১৫৭৩৪.০০ টাকা-১৫৭৩৪.০০	১৫৬৮৮.৪১	জানুয়ারি ২০১২- জুন ২০১৬ (৪২ মাস)	জানুয়ারি ২০১২- জুন ২০১৮ (৬৬ মাস)	জানুয়ারি ২০১২- জুন ২০১৮ (৬৬ মাস)	৮২৩৩.৫৮ (১১০.৪৪%)	২৪ মাস (৫৭.১৪%)

- প্রকল্পটি ১ম সংশোধনের সময় জিওবি অর্থ ১৪.৫২% বৃদ্ধি এবং প্রকল্প সাহায্য ৩৪.৫৫% হ্রাস করা হয়েছে।

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন**

(লক্ষ টাকায়)

অনুমোদিত অংগের নাম	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
বেতন-ভাতা (কর্মকর্তা)	জন	১৩৫৪.১৭	১৩৯	১৩৪৯.৩৯	১৩৯
বেতন-ভাতা (কর্মচারী)	জন	২৮৪০.২৩	২৯০	২৮৩৬.৫৫	২৮৪ (৯৭.৯৩%)
উপমোট:		**৪১৯৪.৪০**		**৪১৮৫.৯৪**	
দায়িত্বভার ভাতা	থোক	৫২.২৮	থোক	৫২.২৮	-

অনুমোদিত অংগের নাম	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
দৈনিক ভাতা	থোক	৮১.২৬	থোক	৮১.২৫	-
অন্যান্য ভাতা	থোক	১.০০	থোক	০.৯৯	-
উপমোট:		**১৩৪.৫৪**		**১৩৪.৫২**	
ভ্রমন ভাতা	থোক	১৮২.০০	থোক	১৮১.৯৩	-
বদলী ভাতা	থোক	৩.০০	থোক	২.২৩	-
ওভারটাইম	থোক	১৬.০০	থোক	১৪.৮৬	-
অফিস ভাড়া	মাস	২০.০০	৭৮	১৯.৯৯	৭৮
ডাক	থোক	১.৫০	থোক	০.৬১	-
টেলিফোন সংযোগ ও বিল	থোক	৩.৫০	থোক	৩.৪৯	-
ইন্টারনেট/ফ্যাক্স সংযোগ ও বিল	থোক	৩৭.০০	থোক	৩২.৮৮	-
নিবন্ধন	থোক	২২.০০	৭৭	২০.১৭	৭৭
বিদ্যুৎ বিল	থোক	২০.০০	থোক	১৯.৯৯	-
গ্যাস ও জ্বালানী	থোক	১১৫.০০	থোক	১১৪.৮৯	-
ওয়েল লুবরিকেন	থোক	১০.০০	থোক	৯.৮৫	-
বীমা	থোক	৭.০০	থোক	৫.৭০	-
মুদ্রণ ও বাধাঁই	থোক	৫.০০	থোক	৪.৯৯	-
ষ্টেশনারী	থোক	৫০.০০	থোক	৪৯.৯৯	-
মধ্যবর্তী মূল্যায়ন	থোক	৭.০০	থোক	৭.০০	-
বই ও সময়িকি	থোক	২.৫০	থোক	২.২৮	-
প্রচার ও বিজ্ঞাপন	থোক	১৫.০০	থোক	১৪.৯৯	-
প্রশিক্ষণ ব্যয়	জন	১২৮২.০০	৬০০০০	১২৮১.৯৭	৬০০০০
সেমিনার/কনফারেন্স/সভা	থোক	৫০.০০	থোক	৪৯.২৪	-
অপ্যায়ন	থোক	৩.০০	থোক	৩.০০	-
পুরস্কার	থোক	৫.০০	থোক	৫.০০	-
শ্রমিক মজুরি	থোক	৫.০০	থোক	৪.০০	-
পরামর্শক ফি	থোক	৩৫.০০	থোক	২০.৩৫	-

অনুমোদিত অংগের নাম	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
সম্মানী ভাতা	থোক	২০.০০	থোক	১৯.৯৯	-
সার্ভে	থোক	১৫.০০	থোক	১৪.৯৬	-
কম্পিউটার কমজুমেবল	থোক	৩০.০০	থোক	২৯.৯৮	-
বিশেষ ব্যয় (আউট সোসিং)	থোক	৪০.০০	থোক	৩৭.২২	-
অন্যান্য	থোক	৭.০০	থোক	৬.৯৯	-
উপমোট:	**থোক**	**২০০৮.৫০**		**১৯৭৮.৫৪**	
যানবাহন মেরামত	থোক	৪০.০০	থোক	৪০.০০	-
কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি মেরামত	থোক	২০.০০	থোক	১৯.৯৬	-
অন্যান্য মেরামত ও রক্ষনাবেক্ষন	থোক	৪.০০	থোক	৩.৮৯	-
উপমোট:		**৬৪.০০**		**৬৩.৮৫**	
উপমোট (রাজস্ব):		**৬৪০১.৪৪**		**৬৩৬২.৮৫**	
যানবাহন					
জীপ	টি	১৫৩.০০	২	১৫৩.০০	২ (১০০%)
মাইক্রোবাস	টি	৪৩.৫০	১	৪৩.৫০	১ (১০০%)
ডাবল কেবিন পিকআপ	টি	১৩৮.১২	৩	১৩৮.১১	৩ (১০০%)
মটরসাইকেল	টি	১০২.৩৫	৭১	১০২.৩৫	৭১ (১০০%)
ডিজিটাল ক্যামেরা	টি	২.১৯	৬	২.১৯	৬ (১০০%)
কম্পিউটার ও যন্ত্রাংশ এবং আইটি	টি	৪৮.০০	৭৪	৪৮.০০	৭৪ (১০০%)
প্রিণ্টার	টি	১১.০০	৮০	১০.৯৬	৮০ (১০০%)
ল্যান যন্ত্রপাতি	থোক	১.০০	থোক	০.৯৯	-
মাল্টিমিডিয়া প্রজেক্টর	টি	২.০০	২	১.৯৯	২ (১০০%)
সার্ভার	থোক	১০.০০	থোক	৮.৭৫	-
কম্পিউটার সফটওয়্যার	থোক	১৪.৭৫	থোক	১৪.৭৫	-
অফিস সরঞ্জামাদি (ফটোকপিয়ার)	টি	৮.০০	৩	৭.৯৮	৩ (১০০%)
আসবাবপত্র	থোক	৮০.৬৫	থোক	৮০.৬৪	-
টেলিযোগাযোগ সরঞ্জাম	থোক	১.০০	থোক	১.০০	-

অনুমোদিত অংগের নাম	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
অন্যান্য	থোক	৮.০০	থোক	৬.২৯	-
শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	টি	২.০০	২	২.০০	২ (১০০%)
উপমোট	**থোক**	**৬২৫.৫৬**	**থোক**	**৬২২.৫০**	
অফিস ভবন	টি	১৪০০.০০	৫১	১৩৯৬.০৬	৫১ (১০০%)
অন্যান্য বিনিয়োগ (সেলস সেন্টার)	টি	১৩০.০০	৩	১৩০.০০	৩ (১০০%)
ঋণ	জন	৭১৭৭.০০	৫৩০০০	৭১৭৭.০০	৫৩২৫৩ (১০০%)
উপমোট (মূলধন):		**৯৩৩২.৫৬**		**৯৩২৫.৫৬**	
মোট (রাজস্ব + মূলধন):		**১৫৭৩৪.০০**	**১০০%**	**১৫৬৮৮.৪১**	**১০০%**

তথ্য সূত্র: প্রাপ্ত পিসিআর অনুযায়ী

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** প্রকল্পের পিসিআর অনুযায়ী অনুমোদিত অংগসমূহের কোন কাজ অসমাপ্ত নেই।

৮। **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ **পটভূমি:** গ্রামীণ মহিলাদের দারিদ্র্য হ্রাস এবং আর্থ-সামাজিক ক্ষমতায়ন বর্তমান সরকারের একটি গুরুত্বপূর্ন অগ্রাধিকার। ১৯৯৭ সনে মাননীয় প্রধানমন্ত্রী যশোর সফরকালে ঐ অঞ্চলের মহিলাদের উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং ক্ষমতায়নের লক্ষ্যে একটি বিশেষ উদ্যোগ গ্রহণের ঘোষণার প্রেক্ষিতে 'দরিদ্র মহিলাদের জন্য আত্ম-কর্মসংস্থান কর্মসূচি' (দমআক) শীর্ষক প্রকল্পটি বৃহত্তর যশোরের ৪টি জেলার ২১টি উপজেলায় জুলাই/১৯৯৮- জুন/২০০৩ মেয়াদে বাস্তবায়িত হয়। বাস্তবায়িত দমআক প্রকল্পের সুবিধাভোগী ও প্রকল্প এলাকায় বিভিন্ন শ্রেণীর (রাজনৈতিক ও অরাজনৈতিক) জনসাধারণ কর্তৃক প্রকল্পটি অত্যন্ত ফলপ্রসু কার্যক্রম হিসাবে বিবেচিত হয়। পরবর্তিতে আইএমইডি সমীক্ষা প্রতিবেদনে প্রকল্পটি সারা বাংলাদেশ ব্যাপী বাস্তবায়নের সুপারিশের প্রেক্ষিতে খুলনা ও বরিশাল বিভাগের ১৫টি জেলার ৫৯ টি উপজেলায় বৃহৎ পরিসরে বাস্তবায়নের লক্ষ্যে নতুন আঙ্গিকে আলোচ্য "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প" বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়।

৮.২ **প্রকল্পের উদ্দেশ্য**: প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো-দরিদ্র, অসহায় ও সুবিধা বঞ্চিত মহিলাদের দারিদ্র্য হ্রাস এবং তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

৮.৩ **সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:**

- দরিদ্র মহিলাদের সচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়ঢনের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ;
- স্থানীয় সম্পদ পুঞ্জীকরণের মাধ্যমে আয়বর্ধনমুলক কর্মকান্ডে ব্যবহার; এবং
- ব্যক্তিগত ও সামগ্রিক স্বার্থ রক্ষায় গ্রামীণ মহিলাদের সংগঠিতকরণ ।

৮.৪ **প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রমসমূহ:**

- গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক অবস্থা চিহ্নিত করার লক্ষ্যে জরিপ কার্য পরিচালনা;
- মহিলা সমিতি গঠন;
- মূলধন গঠন ও তার যথোপযুক্ত ব্যবহার;
- উপকারভোগী এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ;
- ঋণ বিতরণ (ক্ষুদ্র ঋণ/ উদ্যোক্তা উন্নয়ন ঋণ); এবং
- অন্যান্য সহায়তা কার্যক্রম: বিপণন কার্যক্রমে সহায়তা; সামাজিক উন্নয়ন; আইসিটি সহায়তা এবং ভৌত অবকাঠামো

নির্মাণ।

৮.৫ **প্রকল্পের সংশোধন ও অনুমোদন অবস্থা:** প্রকল্পটি জানুয়ারী, ২০১২ থেকে জুন, ২০১৬ মেয়াদে ৭৪৫৪.৮৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য ৩১/০১/২০১২ খ্রিঃ তারিখে একনেক সভায় অনুমোদিত হয় এবং ২৫/০৩/২০১২খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। প্রকল্প কার্যক্রম চলাকালিন সময়ে বাস্তবতার নিরিক্ষে কয়েকটি কোডে আন্তঃখাত সমন্বয়, অধিক সংখ্যক সুফলভোগীকে প্রশিক্ষণের আওতাভূক্ত করা, ঋণের সিলিং বৃদ্ধিসহ ঋণ তহবিল বৃদ্ধি, আইটেম সংখ্যা ও প্রাক্কলিত ব্যয়ের পরিবর্তনের কারণে প্রকল্প বাস্তবায়ন ০৬ মাস বৃদ্ধি এবং প্রকল্প ব্যয় বৃদ্ধি করতঃ প্রাক্কলিত ব্যয় ১৩১৩৯.৮২ লক্ষ টাকা নির্ধারণ করে ১৫/০৪/২০১৪ খ্রিঃ তারিখে একনেক সভা এবং ২১/০৫/২০১৪ খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক ১ম সংশোধনের অনুমোদন জারি হয়। সুফলভোগীদের চাহিদা অনুযায়ী সুদের হার ১১% এর পরিবর্তে ৮% নির্ধারণ, প্রশিক্ষণের ক্ষেত্র সম্প্রসারণ ঋণ তহবিল বৃদ্ধিসহ বেশ কিছু আইটেমে সংখ্যা ও প্রাক্কলিত ব্যয় বাস্তবতার নিরিক্ষে পরিবর্তনের কারনে প্রকল্প বাস্তবায়ন ১ বছর ৬ মাস বৃদ্ধি এবং প্রকল্প ব্যয় বৃদ্ধি করতঃ প্রক্কলিত ব্যয় ১৫৭৩৪.০০ লক্ষ টাকা নির্ধারণ করে ০৬/১২/২০১৬ খ্রিঃ তারিখে পরিকল্পনা কমিশন এবং ০২/০১/২০১৭ খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক ২য় সংশোধনের অনুমোদন জারি হয়। ২য় সংশোধিত প্রকল্প প্রস্তাব অনুযায়ী জানুয়ারী, ২০১২ থেকে জুন, ২০১৮ মেয়াদে ১৫৬৮৮.৪১ লক্ষ টাকা প্রকৃত ব্যয়ে প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন সম্পন্ন করা হয়।

৯। **প্রকল্পটির ক্রয় পরিকল্পনা (পণ্য/কার্য্য) এবং বাস্তবায়ন সংক্রান্ত**

প্যাকেজ	ক্রয় সংক্রান্ত
পিজি-০১ (জীপ)	০৫/০৬/২০১২ তারিখ ক্রয় করা হয়েছে।
পিজি-০২ (মাইক্রোবাস)	০৫/০৬/২০১২ তারিখ ক্রয় করা হয়েছে।
পিজি-০৩ (ডাবল কেবিন পিকআপ)	২০/১০/২০১৪ তারিখ ক্রয় করা হয়েছে।
পিজি-০৪ (মটরসাইকেল)	০৫/০৬/২০১২ এবং ২০/০১/২০১৫ তারিখ ক্রয় করা হয়েছে।
পিজি-০৫ (ডিজিটাল ক্যামেরা)	২০/০৬/২০১২ তারিখ ক্রয় করা হয়েছে।
পিজি-০৬ (ফটোকপিয়ার)	বিভিন্ন সময়ে ক্রয় করা হয়েছে।
পিজি-০৭& ০৮ (কম্পিউটার ও যন্ত্রাংশ এবং প্রিন্টার)	বিভিন্ন সময়ে ক্রয় করা হয়েছে।
পিজি-০৯ (কম্পিউটার সফটওয়্যার)	২৪/০৮/২০১৫ তারিখে ক্রয় করা হয়েছে।
পিজি-১০ (আসবাবপত্র)	বিভিন্ন সময়ে ক্রয় করা হয়েছে।
পিজি-১১ (এয়ার কুলার)	বিভিন্ন সময়ে ক্রয় করা হয়েছে।
পিজি-১২ (বিবিধ)	বিভিন্ন সময়ে ক্রয় করা হয়েছে।
পিডব্লিউ-০১-৫১ (অফিস ভবন নির্মাণ/সম্প্রসারণ ও মেরামত)	বিভিন্ন সময়ে নির্মাণ ও মেরামত করা হয়েছে।
পিএস-০১ (আউট সোর্সিং জনবল)	৩০/০৬/২০১৮ তারিখে চুক্তির মেয়াদ সমাপ্ত হয়েছে।
পিএস-০২ (ব্যক্তি পরমার্শক)	০১/০১/২০১৬ তারিখে চুক্তি সম্পাদিত হয় এবং ৩০/০৬/২০১৮ তারিখে চুক্তির মেয়াদ সমাপ্ত হয়েছে।

১০। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

(ক) সংশ্লিষ্ট প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং

(চ) অন্যান্য প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১১। **প্রকল্প পরিদর্শন:** গত ০২-০৩ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা'' শীর্ষক সমাপ্ত প্রকল্পটির কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শনকালে প্রকল্পের উপপ্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট জেলার উপপরিচালকসহ সংশ্লিষ্ট উপজেলার কর্মকর্তা -কর্মচারীগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলার গোয়ালখালি পশ্চিম পাড়া মহিলা সমিতি (সমিতি আইডি-৪০১৪৮০-৪১), ঝিনাইদহ সদর উপজেলা, কালিগঞ্জ উপজেলার আড়পাড়া উত্তর পাড়া মহিলা সমিতি (সমিতি আইডি-৪০১৪৩৩-৫০), যশোর জেলায় প্রকল্পের ডিসপ্লে-কাম সেলস্ সেন্টার (পল্লী বাজার) এবং যশোর সদর উপজেলার হামিদপুর মধ্যপাড়া মহিলা সমিতি (সমিতি আইডি-৪০০৪৪৭-১১), এবং মাগুরা জেলার সদর উপজেলাসমূহের প্রকল্পের সুফলভোগী ও কর্মকর্তা-কর্মচারীদের সাথে মত বিনিময় করা হয়। পরিদর্শন বর্ণনা নিম্নরূপ:

১১.১ ঝিনাইদহ জেলা:

(ক) **পরিদর্শিত শৈলকূপা উপজেলার চিত্র:** শৈলকূপা উপজেলায় মোট মহিলা সমিতির সংখ্যা- ৫৪টি, মোট সুফলভোগী সদস্য সংখ্যা -১৫৪৯ জন, সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় -৫৮.৯লক্ষ টাকা ৭, ঋণ তহবিলের পরিমাণ- ১৪৫.৪০ লক্ষ টাকা, নভেম্বর পর্যন্ত ক্ ২০১৮রমপুঞ্জিত বিতরণ -১৫৬৮.৪০ লক্ষ টাকা , নভেম্বর - পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ২০১৮ ১৩৪৭.৭৩ লক্ষ টাকা, নভেম্বর -পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায় ২০১৮১৩৪৭.৭৩ লক্ষ টাকা, মেয়াদোর্ত্তীণ খেলাপী ঋণ নেই, ঋণ আদায়ের হার -১০০%, প্রশিক্ষণ প্রাপ্ত সুফলভোগী সদস্য সংখ্যা -৯৯৫ জন।

ক-১ **পরিদর্শিত সমিতির কার্যক্রম পর্যবেক্ষণ এবং অন্যান্য তথ্যাদি:** গোয়ালখালি পশ্চিম পাড়া মহিলা সমিতি (সমিতি আইডি-৪০১৪৮০-৪১) এর মোট সদস্য সংখ্যা- ৩৫ জন, মোট ঋণী সদস্য সংখ্যা- ২৭জন, সঞ্চয় জমা- ১,৪৭,০৮৯.০০ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ- ২০,১৮,০০০.০০ টাকা, চলতি বছরে ঋণের পরিমাণ- ৯,৯০,০০০.০০ টাকা, আদায়যোগ্য ঋণের পরিমাণ- ২,১৭,৭১০.০০ টাকা, ঋণ আদায়ের পরিমাণ- ২,১৭,৭১০.০০ টাকা, মেয়াদোর্ত্তীণ ঋণ -নাই, ঋণ আদায়ের হার- ১০০%। উক্ত সমিতির সদস্যদের সাথে মত বিনিময় কালে জানা যায় সমিতির ২৭ জন সদস্য বিভিন্ন মেয়াদে বিভিন্ন ট্রেডে আইজিএ প্রশিক্ষণ পেয়েছেন (৩দিন মেয়াদি বিভিন্ন আইজিএ প্রশিক্ষণ গবাদি পশু পালন- ১২ জন, শাক সব্জি চাষ- ০৩ জন, হাঁস-মুরগি পালন-৭, ১৫ দিন মেয়াদি হস্ত শিল্প- ৩ জন, ৩০ দিন মেয়াদি সেলাই ও এমব্রয়ডারি-২জন)। ৩০দিন সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণপ্রাপ্ত ২ জন সদস্য প্রশিক্ষণ শেষে বিনামূল্যে সেলাই মেশিন পেয়েছেন। সমিতির সদস্যদের মধ্যে সামাজিক সচেতনতা বৃদ্ধি পেয়েছে। সদস্যগণ ঋণ সহায়তা নিয়ে বিভিন্ন ট্রেড ভিত্তিক আইজিএ কর্মকান্ড পরিচালনার মাধ্যমে তাদের দারিদ্র বিমোচন তথা আর্থ-সামাজিক অবস্থা উন্নতি হয়েছে।

(খ) **পরিদর্শিত কালিগঞ্জ উপজেলার চিত্র:** কালিগঞ্জ উপজেলায় মোট মহিলা সমিতির সংখ্যা- ৫২টি, মোট সুফলভোগী সদস্য সংখ্যা -১৫৮৪ জন, সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় -৪৭.৯২ লক্ষ টাকা, ঋণ তহবিলের পরিমাণ- ১৩৫.৮২ লক্ষ টাকা, নভেম্বর পর্যন্ত ক্ ২০১৮রমপুঞ্জিত বিতরণ -১১৩২.০১ লক্ষ টাকা , নভেম্বর - পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ২০১৮ ৯৩৮.৮৬ লক্ষ টাকা, নভেম্বর -পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায় ২০১৮৯৩৭.১৯ লক্ষ টাকা, মেয়াদোর্ত্তীণ খেলাপী ঋণ-১.৬৭ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার-৯৯.৮২%, প্রশিক্ষণ প্রাপ্ত সুফলভোগী সদস্য সংখ্যা -৯৬০ জন।

খ-১ **পরিদর্শিত সমিতির কার্যক্রম পর্যবেক্ষণ এবং অন্যান্য তথ্যাদি:** আড়পাড়া উত্তর পাড়া মহিলা সমিতি (সমিতি আইডি-৪০১৪৩৩-৫০) এর মোট সদস্য সংখ্যা- ২১ জন, মোট ঋণী সদস্য সংখ্যা- ২১ জন, সঞ্চয় জমা-১,১০,৪৫৩.০০ টাকা, ঋণ বিতরণ- ১০,৫০,০০০.০০ টাকা, আদায়যোগ্য ঋণের পরিমাণ - ৫,৫৬,২৫০.০০ টাকা, ঋণ আদায়ের পরিমাণ- ৫৬,২৫০.০০ টাকা, মেয়াদোর্ত্তীণ ঋণ- নাই, ঋণ আদায়ের হার- ১০০%, প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য সংখ্যা- ১৩ জন (২দিন মেয়াদি নেতৃত্ব বিকাশ ও নারী উন্নয়ন-২জন, ৩দিন মেয়াদি আইজিএ প্রশিক্ষণ- ৭জন, ১৫ দিন মেয়াদি হস্ত শিল্প- ২

জন, ৩০ দিন মেয়াদি সেলাই ও এমব্রয়ডারি-২জন)। উক্ত সমিতির ম্যানেজার জনাব শাহিদা ইসলাম প্রকল্পের আওতায় ১৫ দিন ব্যাপী হস্ত শিল্প বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করে দক্ষতা অর্জন করেন এবং তিনি নিজ উদ্যোগে সমিতির অন্যান্য সদস্যদের হস্ত শিল্পের কাজ শেখান । সর্বশেষ তিনি প্রকল্প হতে ১.৫০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করে নিজ বাড়ীতে তার নের্তৃত্বে সমিতির সদস্যদের নিয়ে বানিজ্যিকভাবে বিভিন্ন হস্তশিল্পের কাজ বিশেষ করে ওড়না, ফতুয়া, পাঞ্জাবী, নকশি কাথাঁ, বেড শীট, কুশন, থ্রি পিসে হাতের কাজ ইত্যাদি তৈরি করে প্রকল্পের ডিসপ্লে কাম সেলস সেন্টারসহ স্থানীয় বাজারে বিক্রয় করে আর্থিকভাবে সচ্ছল হয়েছেন এবং একই সাথে সমিতির অন্যান্য সদস্যদের কর্মসংস্থানে ভূমিকা রাখতে সক্ষম হয়েছেন।

(গ) **পরিদর্শিত ঝিনাইদহ জেলার সদর উপজেলার চিত্র:** উপজেলায় মোট মহিলা সমিতির সংখ্যা- ৫১টি, মোট সুফলভোগী সদস্য সংখ্যা -১৫১০ জন, সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় -৫৮.০৭ লক্ষ টাকা, ঋণ তহবিলের পরিমাণ- ১৩৬.৪৭ লক্ষ টাকা, নভেম্বর পর্যন্ত ক্ ২০১৮রমপুঞ্জিত বিতরণ -৮৪৫.২৬ লক্ষ টাকা, নভেম্বর - পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ২০১৮ ৭১৪.৫৭ লক্ষ টাকা, নভেম্বর - পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায় ২০১৮৭১৪.৫৭ লক্ষ টাকা, মেয়াদোর্ত্তীণ খেলাপী ঋণ নাই, ঋণ আদায়ের হার-১০০%, প্রশিক্ষণ প্রাপ্ত সুফলভোগী সদস্য সংখ্যা -১০১২ জন। প্রকল্প সূত্রে জানা যায় এই প্রকল্পের আওতায় ৫১টি অফিস ভবন নির্মাণ/সম্প্রসারণ কাজ করা হয়েছে। এর মধ্যে ঝিনাইদহ জেলার সদর উপজেলার প্রকল্প অফিস ভবন টি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় অফিস ভবনটি ২০১৪ সালে নির্মিত হলেও এখনো অফিস ভবনটি দৃশ্যত অনেক সুন্দর রয়েছে এবং নির্মাণ কাজের গুনগতমান ভালো মর্মে প্রতিয়মান হয়েছে।

গ-১ **বাস্তবায়িত ডিসপ্লে কাম সেলস্ সেন্টারের কার্যক্রম পর্যবেক্ষণ এবং অন্যান্য তথ্যাদি:** প্রকল্পের আওতায় স্থাপিত ৩টি ডিসপ্লে কাম সেলস্ সেন্টারের মধ্যে যশোরে স্থাপিত ডিসপ্লে কাম সেলস্ সেন্টারটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। ডিসপ্লে কাম সেলস্ সেন্টারটি যশোর শহরের মধ্যে ড্রীম প্লাজা, ৩৭, হাজী মোহাম্মদ মহসীন সড়ক, দড়াটানায় অবস্থিত। বিভিন্ন সুফলভোগী সদস্যদের উৎপাদিত পণ্য সামগ্রি উক্ত ডিসপ্লে কাম সেলস্ সেন্টারে প্রর্দশন ও বিক্রয়ের ব্যবস্থা রাখা হয়েছে। উক্ত শো-রুমে সংগ্রহকৃত সুফলভোগী সদস্যদের উৎপাদিত বিভিন্ন হস্ত শিল্প সরেজমিনে দেখা হয়েছে। এতে দেখা যায় যে, উৎপাদিত পণ্যের মান মোটামুটি সন্তোষজনক । পরিদর্শনে জানা যায় বিভিন্ন উৎসবের সময় সাধারণত ডিসপ্লে কাম সেলস্ সেন্টারের বিক্রয় ভালো হয়। প্রকল্পের আওতায় ডিসপ্লে কাম সেলস সেন্টার এর মাধ্যমে ক্ষুদ্র পরিসরে সুফলভোগীদের উৎপাদিত পণ্য বিপননের ব্যবস্থা রয়েছে। শুধুমাত্র কিছু ডিসপ্লে কাম সেলস্ সেন্টারের মাধ্যমে সরকারী পর্যায়ে যথাযথভাবে সুফলভোগীদের উৎপাদিত পণ্য বিপণন পর্যাপ্ত নয়। এ ক্ষেত্রে ভবিষ্যতে ডিসপ্লে কাম সেলস্ সেন্টারের পাশাপাশি ৩য় পক্ষ অথ্যাৎ বেসরকারি ব্যক্তি/প্রতিষ্ঠানের মাধ্যমে এবং একই সাথে অনলাইন শপিং এর মাধ্যমে বিপণন কার্যক্রম পরিচালনার সুযোগ সম্প্রসারণ করা হলে সুফলভোগীদের উৎপদিত পণ্যের যথাযথ বিপণন চেইন প্রতিষ্ঠা করা সম্ভব হবে। ফলে সুফলভোগীরা অধিক হারে তাদের পণ্য উৎপাদনে উৎসাহিত হবে।

১১.২ **যশোর জেলা:**

(ক) **পরিদর্শিত যশোর জেলার সদর উপজেলার চিত্র:** যশোর জেলার সদর উপজেলায় মোট মহিলা সমিতির সংখ্যা- ৫৯টি, মোট সুফলভোগী সদস্য সংখ্যা -১৬০১ জন, সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় -৫৩.৪৩ লক্ষ টাকা , ঋণ তহবিলের পরিমাণ- ১৪১.৯৭ লক্ষ টাকা, নভেম্বর পর্যন্ত ক্ ২০১৮রমপুঞ্জিত বিতরণ -১২২৩.৮৩ লক্ষ টাকা, নভেম্বর পর্যন্ত ২০১৮ - ক্রমপুঞ্জিত আদায়যোগ্য১০২০.৯৪ লক্ষ টাকা , নভেম্বর - পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায় ২০১৮১০১৭.১৯ লক্ষ টাকা , মেয়াদোর্ত্তীণ খেলাপী ঋণ-৩.৭৬ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার-৯৯.৬৩%, প্রশিক্ষণ প্রাপ্ত সুফলভোগী সদস্য সংখ্যা -৯৯১ জন।

ক-১ **পরিদর্শিত সমিতির কার্যক্রম পর্যবেক্ষণ এবং অন্যান্য তথ্যাদি:** হামিদপুর মধ্য পাড়া মহিলা সমিতি (সমিতি আইডি-৪০০৪৪৭-১১) এর মোট সদস্য সংখ্যা- ৪৭ জন, সঞ্চয় জমা-১,৭৯,০০০.০০ টাকা, ঋণ বিতরণ- ১৫,২৭,০০০.০০ টাকা, আদায়যোগ্য ঋণের পরিমাণ -৬,৩৭,০০০.০০ টাকা, ঋণ আদায়ের পরিমাণ-৬,৩৭,০০০.০০ টাকা, মেয়াদোর্ত্তীণ ঋণ- নাই, ঋণ আদায়ের হার- ১০০%। সমিতির সুফলভোগী সদস্যগণ নেতৃত্ব বিকাশ ও নারী উন্নয়ন, হাঁস-মুরগী পালন, গবাদী পশু পালন, মৎস চাষ, শাক-সবজি চাষ, অপ্রধান খাদ্য শস্য, হস্ত শিল্প, সেলাই ও এমব্রয়ডারী এবং মোবাইল সার্ভিসিং ও রিপেয়ারিং বিষয়ক প্রশিক্ষণ পেয়েছেন । পরিদর্শনকালে সুফলভোগী সদস্যদের বিভিন্ন সামাজিক সচেতনতা বিষয়ক, প্রকল্প হতে গৃহিত ঋণের সুদের হার, তাদের জমাকৃত সঞ্চয় এবং গৃহিত ঋণের বিষয়ে প্রশ্ন করা হলে তারা উক্ত বিষয়ে যথাযথ উত্তর দিতে সক্ষম হয়েছে। এতে প্রতিয়মান হয় যে তাদের সকলের যথেষ্ট সচেতনতা বৃদ্ধি পেয়েছে।

বর্ণিত সমিতির সদস্য জনাব রেশমা খাতুনকে জিজ্ঞাসা করা হলে তিনি জানান যে, প্রকল্প হতে প্রথমে তিনি হাঁস-মুরগি পালন বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করে ১ম ও ২য় বার যথাক্রমে ১০,০০০.০০ ও ১৫,০০০.০০ টাকা ঋণ সহায়তা গ্রহণ করে হাঁস-মুরগি পালন করে এর আয় হতে ঋণের কিস্তি সাপ্তাহিক ভিত্তিতে পরিশোধের পাশাপাশি নিয়মিত সঞ্চয় জমা করেন। পরবর্তিতে তিনি প্রকল্প হতে ১মাসব্যাপী মোবাইল সার্ভিসিং ও মেরামত বিষয়ক আবাসিক প্রশিক্ষণ গ্রহণ করেন এবং প্রকল্প হতে বিনামূল্যে মোবাইল সাভিসিং /মেরামত সংক্রান্ত যাবতীয় যন্ত্রাংশ বিনামূল্যে প্রাপ্ত হন। পরবর্তিতে তিনি প্রকল্প হতে ৫০,০০০.০০ টাকার ঋণ সহায়তা গ্রহণ করে নিকটস্থ বাজারে একটি দোকান ভাড়া নিয়ে মোবাইল মেরামত এর ব্যবসা শুরু করেন । যাবতীয় খরচ বাদ দিয়ে তাঁর মাসিক গড়ে নীট আয় ১০ ,০০০.০০ টাকা অর্থাৎ বছরে ১,২০,০০০.০০ টাকা আয় করেন । সরেজমিনে তার মোবাইল মেরামতের দোকানটি পরিদর্শন করা হয়। সামাজিক সকল প্রতিবন্ধকতাকে উপেক্ষা করে তিনি একজন মহিলা হয়ে মোবাইল মেরামতের দোকান প্রতিষ্ঠার মাধ্যমে স্বাবলম্বী হয়েছেন।

বর্ণিত সমিতির আর একজন সদস্য জনাব বেবি বেগম-কে জিজ্ঞাসা করা হলে তিনি জানান যে, ২০১৪-২০১৫ অর্থ বছরে তিনি প্রকল্প হতে ৩দিন মেয়াদি নার্সারি বিষয়ক প্রশিক্ষণ নিয়ে ১ম পর্যায়ে প্রকল্প হতে ১৫,০০০.০০ টাকার ঋণ সহায়তা নিয়ে ক্ষুদ্র আকারে তার বাড়িতে বৃক্ষচারা উৎপাদন কার্যক্রম শুরু করেন। পরবর্তিতে তিনি প্রকল্প হতে এক মাস ব্যাপী সেলাই ও এমব্রয়ডারি বিষয়ক আবাসিক প্রশিক্ষণ গ্রহণ করেন এবং প্রশিক্ষণ শেষে তিনি প্রকল্প হতে বিনামূল্যে একটি সেলাই মেশিন অনুদান হিসেবে প্রাপ্ত হন। ২০১৭-২০১৮অর্থ বছরে বেবি বেগম ১ ,০০,০০০(এক লক্ষ) টাকা ঋণ নিয়ে দোকানের ব্যবসা এবং দর্জির কাজের পাশাপাশি বানিজ্যিকভাবে নার্সারী ব্যবসা সম্প্রসারণ করেন। বর্তমানে তিনি চার বিঘা জমি লীজ নিয়ে বিশাল নার্সারি প্রতিষ্ঠা করেছেন । সম্প্রতি বাপার্ড, কোটালিপাড়ায় তিনি ২ বারে সর্বমোট ১,৩৪,০০০.০০ টাকার গাছের চারা বিক্রয় করেছেন। বর্তমানে তিনি একজন সফল ক্ষুদ্র উদ্যোক্তা। দর্জি কাজ , নার্সারির চারা গাছ বিক্রয় এবং দোকান হতে সব খরচ বাদ দিয়ে তার মাসিক আয়ের পরিমাণ গড়ে ১৫০০০.০০-২০০০০.০০ টাকা।

১১.৩ **মাগুরা জেলা:**

(ক) **পরিদর্শিত মাগুরা জেলার সদর উপজেলায় চিত্র:** এ উপজেলায় মোট মহিলা সমিতির সংখ্যা- ৪৯টি, মোট সুফলভোগী সদস্য সংখ্যা -১৩৪৪ জন, সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় -৪২.৩৯ লক্ষ টাকা, ঋণ তহবিলের পরিমাণ- ১৩৮.৭০ লক্ষ টাকা, নভেম্বর পর্যন্ত ক্ ২০১৮রমপুঞ্জিত বিতরণ -১১৯০.৮২ লক্ষ টাকা, নভেম্বর -পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ২০১৮ ১০০৭.৫০ লক্ষ টাকা, নভেম্বর - পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায় ২০১৮১০০৭.৫০ লক্ষ টাকা, মেয়াদোর্ত্তীণ খেলাপী ঋণ নাই, ঋণ আদায়ের হার-১০০%, প্রশিক্ষণ প্রাপ্ত সুফলভোগী সদস্য সংখ্যা -৮৩১ জন।

ক-১ প্রকল্পের আওতায় মাগুরা জেলার সদর উপজে লার প্রকল্প অফিস ভবনটি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায়-অফিস ভবনটি ২০১৪ সালে নির্মিত হলেও এখনো অফিস ভবনটি দৃশ্যত সুন্দর রয়েছে এবং নির্মাণ কাজের মান ভালো মর্মে প্রতিয়মান হয়েছে।

১২। পরিদর্শনকালে বর্ণিত ৩টি সমিতির সুফলভোগী সদস্যদের ছবি, জাতীয় পরিচয়পত্র, স্বাক্ষরযুক্ত ডাটাবেইজ পাওয়া যায়। এছাড়া সমিতির সকল সদস্যদের সঞ্চয় ও ঋণের যাবতীয় তথ্য সম্বলিত সফটওয়্যার জেনারেটেড মাসিক ঋণ ও সঞ্চয় আদায় শীট সরবরাহ করা হয়েছে। এতে প্রতিয়মান হয় যে, সফটওয়্যার অটোমেশনের মাধ্যমে প্রকল্প কার্যক্রম পরিচালিত হওয়ায় আর্থিক লেনদেনে স্বচ্ছতা, দক্ষতা, মনিটরিং ব্যবস্থা জোরদার হয়েছে এবং যথাযথভাবে প্রকল্প মেয়াদের মধ্যে কার্যক্রম বাস্তবায়নে সহায়ক হয়েছে।



ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার আরপাড়া উত্তর পাড়া মহিলা সমিতির সদস্যদের সাথে মত বিনিময়।



ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার আরপাড়া উত্তর পাড়া মহিলা সমিতির সদস্য জনাব শাহিদা ইসলাম এর উৎপাদিত হস্ত শিল্প পর্যবেক্ষণ।



প্রকল্পের আওতায় স্থাপিত যশোরস্থ ডিসপ্লে কাম-সেলস্ সেন্টার এ সুফলভোগীদের উৎপাদিত পণ্য পর্যবেক্ষণ।



প্রকল্পের আওতায় স্থাপিত যশোরস্থ ডিসপ্লে কাম-সেলস্ সেন্টার।



যশোর জেলার সদর উপজেলার হামিদপুর মধ্য পাড়া মহিলা সমিতির সদস্যদের সাথে মত বিনিময়।



যশোর জেলার সদর উপজেলার হামিদপুর মধ্য পাড়া মহিলা সমিতির সদস্য জনাব বেবি বেগম এর নার্সারি পরিদর্শন।



যশোর জেলার সদর উপজেলার হামিদপুর মধ্য পাড়া মহিলা সমিতির সদস্য জনাব রেশমা খাতুন এর মোবাইল মেরামতের দোকান পরিদর্শন।



ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলার গোয়ালখালি পশ্চিম পাড়া মহিলা সমিতির সদস্যদের সাথে মত বিনিময়।



ঝিনাইদহ সদর উপজেলায় নির্মিত প্রকল্পের অফিস ভবনপরিদর্শন।



মাগুরা সদর উপজেলায় নির্মিত প্রকল্পের অফিস ভবন পরিদর্শন।

১২। **<u>প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি:</u>** প্রকল্পের অনুমোদিত সংস্থানের বিপরীতে বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থ বছর	অনুমোদিত সংস্থান			আরএডিপি বরাদ্দ	অর্থছাড়	প্রকৃত ব্যয়
	মূল	১ম সংশোধিত	২য় সংশোধিত			
২০১১-১২	৩৩৯.০৫	৩৩১.৮০	৩৩১.৮০	৩৩২.০০	৩৩২.০০	৩৩১.৮০
২০১২-১৩	২১৮২.১২	৯৯৮.৫২	৯৯৮.৫২	১০০০.০০	১০০০.০০	৯৯৮.৫৩
২০১৩-১৪	১৮৮৯.৯৭	২৭৭৭.৮৮	১৯৯৯.৭৮	২০০০.০০	২০০০.০০	১৯৯৯.৭৮
২০১৪-১৫	১৫৮১.১১	৫২২৩.৮৭	৩১৯৯.১০	৩২০০.০০	৩২০০.০০	৩১৯৯.০৯
২০১৫-১৬	১৪৬২.৫৮	২৮০৭.১৩	৩০৯৮.৭৫	৩১০০.০০	৩১০০.০০	৩০৯৮.৭৫

২০১৬-১৭	০	১০০০.৬১	৩৭৬৭.৪৭	৩২৯৯.০০	৩২৯৯.০০	৩২৯৭.৯৬
২০১৭-১৮	০	০	২৩৩৮.৫৯	২৭৬৮.০০	২৭৬৮.০০	২৭৬২.৫০
মোট:	**৭৪৫৪.৮৩**	**১৩১৩৯.৮২**	**১৫৭৩৪.০০**	**১৫৬৯৯.০০**	**১৫৬৯৯.০০**	**১৫৬৮৮.৪১**

তথ্য সূত্র: পিসিআর অনুযায়ী

১৩। **<u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:</u>** অনুমোদিত প্রকল্পটির শুরু থেকে শেষ পর্যন্ত প্রকল্প পরিচালকের দায়িত্বে (প্রেষণে) থাকা কর্মকর্তাদের নাম ও পদবী, যোগদানের তারিখ ও বদলীর তারিখ নিম্নে দেওয়া হলো:

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম উপ-পরিচালক	পূর্ণকালীন	-		১৬ এপ্রিল, ২০১২ হতে ৩০ জুন, ২০১৮

১৪। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
(ক)	দরিদ্র মহিলাদের সচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন;	(ক)	সচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রকল্পের সুফলভোগীদের বিভিন্ন বিষয়ে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়। এ প্রকল্পে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫৮৭২৫ জন সুফলভোগীকে সেলাই এমব্রয়ডারি, মোবাইল সার্ভিসিং, হাঁস-মুরগি পালন, গবাদি পশু পালন, হস্ত শিল্প, মৎস্য ও কাঁকরা চাষ, শাক সব্জি চাষ, মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা, নেতৃত্ব বিকাশ ও নারী উন্নয়ন, ও সংগঠন ব্যবস্থাপনা ইত্যাদি ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নে সহায়ক হয়েছে। এছাড়া প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়ন, প্রকল্প কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বেসিক ও ওরিয়েন্টেশন কোর্স, কম্পিউটার প্রশিক্ষণ, সফটওয়্যার প্রশিক্ষণ ও রিফ্রেসার্স কোর্স এ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রকল্প লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ অর্জিত হয়েছে। প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রদেয় প্রশিক্ষণের মান ভাল হওয়ায় প্রশিক্ষণার্থীগণ উদ্দেশ্য পূরণে ভুমিকা রাখতে সক্ষম হচ্ছে। তবে, স্থানীয় পর্যায়ে প্রদেয় প্রশিক্ষণ এর গুণগতমান আশানুরুপ হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।
(খ)	স্থানীয় সম্পদ পুঞ্জীকরণের মাধ্যমে আয়বর্ধনমুলক কর্মকান্ডে ব্যবহার; এবং	(খ)	প্রকল্প মেয়াদে প্রকল্পের সুফলভোগীদের আয়বর্ধনমূলক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সুফলভোগীদের নিজস্ব ২১০০.০০ লক্ষ টাকার সঞ্চয় তহবিল সৃষ্টি হয়েছে এবং উক্ত তহবিলের যথাযথ ব্যবহারের ফলে তাদের জীবনমান উন্নয়ন হয়েছে। প্রকল্প মেয়াদের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

(গ)	ব্যক্তিগত ও সামগ্রিক স্বার্থ রক্ষায় গ্রামীণ মহিলাদের সংগঠিতকরণ।	(গ)	ডিপিপি অনুযায়ী জরিপ এর মাধ্যমে সুফলভোগী সদস্য নির্বাচনপূর্বক তাদের সংগঠিত করে মহিলা সমিতি গঠন করা হয়েছে। প্রকল্প মেয়াদে সর্বমোট ২৮৮১টি মহিলা সমিতির মাধ্যমে ৭৮৪৪৪ জন সুফলভোগী সদস্য-কে প্রকল্পভূক্ত করা হয়েছে। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। তবে, Poverty Map অনুসরণ করে প্রকল্পের সুফলভোগী নির্বাচন করা সম্ভব হলে সামগ্রিক দারিদ্র্য নিরসনে প্রকল্পটির কার্যকারিতা আরও বৃদ্ধির সুযোগ থাকতো।

১৫। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ**

১৬। **পরিদর্শনকালে প্রাপ্ত পর্যবেক্ষণসমূহঃ**

১৬.১ প্রকল্পের সুফলভোগী সদস্য নির্বাচন হয়েছে এবং সকল সুফলভোগী সদস্যদের ছবি, জাতীয় পরিচয়পত্র, স্বাক্ষর এবং অন্যান্য তথ্য সম্বলিত পূর্ণাঙ্গ অনলাইন ডাটাবেইজ রয়েছে।

১৬.২ প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্পভূক্ত সুফলভোগী সদস্যদের বিভিন্ন বিষয়ে সচেতনতা বৃদ্ধি, প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে দক্ষতা উন্নয়নের উদ্যোগ নেয়া হয়েছে। তবে, স্থানীয় পর্যায়ে প্রদেয় প্রশিক্ষণ এর গুণগতমান আশানুরুপ হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।

১৬.৩ প্রশিক্ষণপ্রাপ্ত সুফলভোগীগণ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা অর্জন এবং প্রকল্প হতে ঋণ সহায়তা গ্রহণ করে বিনিয়োগের মাধ্যমে উর্পাজনের ক্ষেত্র সৃষ্টি করতে সক্ষম হয়েছে। যেমনঃ যশোর সদর উপজেলার হামিদপুর মধ্যপাড়া মহিলা সমিতির সদস্য জনাব রেশমা খাতুন মোবাইল মেরামতের ৩০ দিনের প্রশিক্ষণ গ্রহণ এবং ঋণ সহায়তা নিয়ে মোবাইল মেরামতের দোকান পরিচালনা করে সাবলম্বী হয়েছে, একই সমিতির জনাব বেবি বেগম প্রশিক্ষণ ও ঋণ সহায়তা নিয়ে সেলাই কার্যক্রম, নার্সারি স্থাপন এবং ক্ষুদ্র দোকান পরিচালনা করে সাবলম্বী হয়েছেন, ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার আড়পাড়া উত্তর পাড়া মহিলা সমিতির সদস্য জনাব শাহিদা ইসলাম হস্তশিল্প প্রশিক্ষণ গ্রহণ এবং ঋণ সহায়তা নিয়ে নিজ বাড়িতে সমিতির অন্যান্য সদস্যদের নিয়ে বানিজ্যিকভাবে হস্ত শিল্প তৈরি এবং বিপণনের মাধ্যমে স্বাবলম্বি হয়েছে। যে সকল ঋণ গ্রহীতা নিয়মিত ক্ষুদ্র ঋণ পরিশোধ করে দক্ষ উদ্যোক্তায় পরিণত হয়েছেন তাদেরকে উদ্যোক্তা ঋণ হিসেবে বেশি পরিমাণ পুজি সরবরাহ করা প্রয়োজন । যদিও এ প্রকল্প থেকে চাহিদা অনুযায়ী অধিক পরিমাণ পুজি সরবরাহ করা হচ্ছে না । এছাড়াও ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে টেকসই উদ্যোক্তায় পরিনত করার জন্য মধ্যম ও দীর্ঘমেয়াদি বিশেষায়িত প্রশিক্ষণ প্রদানের চাহিদা থাকলেও সে ধরনের প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হচ্ছে না।

১৬.৪ প্রশিক্ষণ গ্রহণ ও ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে প্রকল্প এলাকার মহিলাদের দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখতে সক্ষম হয়েছে। তবে যে সকল সদস্য ক্ষুদ্রঋণ নিয়ে যথাযথ ব্যবহারের মাধ্যমে আয়বর্ধন কর্মকান্ডে অধিক বিনিয়োগে সক্ষম, সে সকল সদস্যদের পর্যায়ক্রমে আরও যথাযথ প্রশিক্ষণ ও উদ্যোক্তা ঋণ সহায়তা প্রদানের বিষয়টি ভবিষ্যতে বিবেচনায় রাখা যথোপযুক্ত হবে।

১৬.৫ চাহিদা থাকা সত্ত্বেও ডিপিপিতে প্রতি উপজেলা পর্যাপ্ত ক্ষুদ্রঋণ তহবিল না থাকায় অধিক হারে ঋণ সহায়তা প্রদান করা সম্ভব হচ্ছে না। প্রকল্প কার্যক্রম টেকসই করা এবং অধিক হারে সুফলভোগীদের সেবা প্রদানের স্বার্থে উপজেলায় ক্ষুদ্রঋণ তহবিল বৃদ্ধি এবং পৃথকভাবে উদ্যোক্তা ঋণ তহবিলের সংস্থান করে বিনিয়োগের মাধ্যমে সুফলভোগী নারীদের অধিক কর্মসংস্থান সৃষ্টির সুযোগ সম্প্রসারণ করা প্রয়োজন।

১৬.৬ প্রকল্পের আওতায় যে সকল সদস্য কারিগরি প্রশিক্ষণ পেয়েছেন, সে সকল সদস্যকে উক্ত বিষয়ে বর্তমান ও সর্বশেষ প্রযুক্তির আলোকে পুনরায় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে যুগোপযোগি দক্ষতা অর্জনের সুযোগ দেয়া হলে তাদের উর্পাজনের সক্ষমতা বৃদ্ধি পাবে।

১৬.৭ প্রকল্পের ঋণ কার্যক্রম অনলাইন সফটওয়্যার এর মাধ্যমে পরিচালিত হওয়ায় আর্থিক লেনদেনে সচ্ছতা বৃদ্ধি এবং যে কোন প্রান্ত থেকে সদস্য পর্যায়ের তথ্য প্রাপ্তির সুযোগ প্রসারিত হয়েছে।

১৬.৮ সুফলভোগীদের ঋণ পরিশোধের ক্ষেত্রে প্রকল্পের নীতিমালা অনুযায়ী ০১ মাসের গ্রেস পিরিয়ড দেয়া হয় ; কিন্তু গবাদি পশু মোটাতাজাকরণ, ছাগল পালন, পশু পালন ইত্যাদি ট্রেডে যে সকল সুফলভোগী ঋণ সহায়তা নিয়ে উক্ত কাজে বিনিয়োগ করেছেন তাদের ক্ষেত্রে নিয়মিত ঋণের কিস্তি পরিশোধ করা সম্ভব হয় না, কেননা উক্ত খাত হতে কম সময়ে কোন অর্থ আয়ের সুযোগ থাকে না। তাই সুফলভোগীগণ এ সকল খাতের ঋণের কিস্তি পরিশোধের ক্ষেত্রে ৬ মাসের গ্রেস পিরিয়ড দাবি করেন যা যৌক্তিক বলে প্রতীয়মান হয়।

১৬.৯ প্রকল্পের আওতায় ডিসপ্লে কাম সেলস সেন্টার এর মাধ্যমে ক্ষুদ্র পরিসরে সুফলভোগীদের উৎপাদিত পণ্য বিপননের ব্যবস্থা রয়েছে। শুধুমাত্র কিছু ডিসপ্লে কাম সেলস্ সেন্টারের মাধ্যমে সরকারী পর্যায়ে যথাযথভাবে সুফলভোগীদের উৎপাদিত পণ্য বিপণন পর্যাপ্ত নয়। এক্ষেত্রে ভবিষ্যতে ডিসপ্লে কাম সেলস্ সেন্টারের পাশাপাশি ৩য় পক্ষ অথ্যাৎ বেসরকারি ব্যক্তি/প্রতিষ্ঠানের মাধ্যমে এবং একই সাথে অনলাইন শপিং এর মাধ্যমে বিপণন কার্যক্রম পরিচালনার সুযোগ সম্প্রসারণ করা হলে সুফলভোগীদের উৎপদিত পণ্যের যথাযথ বিপণন চেইন প্রতিষ্ঠা করা হলে সুফলভোগীরা অধিক হারে তাদের পণ্য উৎপাদনে উৎসাহিত হবে।

১৬.১০ প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে নির্মিত ৫১টি অফিস ভবন নির্মাণ/সম্প্রসারণ কাজের মধ্যে ২টি অফিস ভবন সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। অফিস ভবনের কাজের মান বাহ্যিক দৃষ্টিতে ভালো হয়েছে মর্মে প্রতীয়মান হয়। বর্তমানে ভবনটি যথাযথভাবে ব্যবহৃত হচ্ছে । অফিস ভবন নির্মানের ফলে যথাযথভাবে দাপ্তরিক কার্য পরিচালনা এবং মাঠ পর্যায়ের প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহায়ক হয়েছে।

১৭। **<u>সুপারিশ:</u>** প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে প্রকল্পের কার্যধারা বেগবান করা ও টেকসইকরণের লক্ষ্যে সুপারিশসমূহ নিম্নরূপ:

১৭.১ কারিগরি ও বৃত্তিমূলক বিষয়ে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। এলাকার চাহিদা নিরুপণ করে স্থানীয় পর্যায়ে Need Based প্রশিক্ষণের বিষয় অন্তর্ভুক্ত করে মানসম্মত প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে। পরবর্তীতে এধরনের প্রকল্প গ্রহণের সময় প্রশিক্ষণের বিষয় হিসেবে বিভিন্ন ট্রেড কোর্স যেমন, টেইলারিং, বিউটিফিকেশন, ইন্ড্রাস্ট্রিয়াল সুইং মেশিন, মোবাইল সার্ভিসিং, প্রাথমিক চিকিৎসা সেবা, ব্লক-বুটিক, নকসি কাঁথা, ভারমিন কম্পোস্ট ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

১৭.২ প্রকল্পের আবর্তক ঋণ (RLF) এর মাধ্যমে আরও অধিক সংখ্যক দরিদ্র মানুষকে সেবা দেয়ার জন্য পর্যায়ক্রমে সুফলভোগী সদস্যের সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে ।তবে এক্ষেত্রে মানসম্পন্ন ও কার্যকর প্রশিক্ষণ ও ঋণ বিতরণের মধ্যে যথাযথ লিংক স্থাপন করতে হবে ।

১৭.৩ সুফলভোগী সদস্যগণের মধ্য থেকে “প্যারাটেক ও প্যারাভেট ” তৈরী করে তাঁদের মাধ্যমে অন্যান্য সুফলভোগী সদস্যদেরকে প্রয়োজনীয় সেবা প্রদান করা যেতে পারে;

১৭.৪ সুফলভোগী সদস্য ও ক্ষুদ্র উদ্দ্যোক্তাদের সামর্থ ও অর্থের যোগান বিবেচনা করে ঋণের সিলিং বৃদ্ধি করা যেতে পারে;

১৭.৫ স্বল্পমেয়াদি কর্মকান্ড যেমন নার্সারী, হস্তশিল্পজাত দ্রব্য, ফেরীওয়ালার ব্যবসা ইত্যাদি কার্যক্রম গ্রহণে সমিতির সদস্যদেরকে উৎসাহিত করতে হবে। তত্ত্বীয়ভাবে (Theoretical) প্রশিক্ষণের পাশাপাশি প্রদর্শনীমূলক/অন-সাইট প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

১৭.৬ সুফলভোগী সদস্যদের উৎপাদিত প ণ্যের ভ্যালু চেইন ও মার্কেট লিংকেইজ এর উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। যাতে করে সুফলভোগী সদস্যগণ তাদের উৎপাদিত পণ্যের যৌক্তিক মূল্য প্রাপ্তি থেকে বঞ্চিত না হয়। ভবিষ্যতে ডিসপ্লে কাম সেলস্ সেন্টারের পাশাপাশি ৩য় পক্ষ অথ্যাৎ বেসরকারি ব্যক্তি/প্রতিষ্ঠানের মাধ্যমে এবং একই সাথে অনলাইন শপিং এর মাধ্যমে বিপণন কার্যক্রম পরিচালনার সুযোগ সম্প্রসারণ করা হলে সুফলভোগীদের উৎপদিত পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত হবে এবং তারা অধিক হারে পণ্য উৎপাদনে উৎসাহিত হবে।

১৭.৭ পরবর্তিতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে নিয়মিত ক্ষুদ্র ঋণ পরিশোধকারীদেরকে দক্ষ ও টেকসই ক্ষুদ্র উদ্যোক্তায় পরিণত করার বিষয়টি

অধিকতর গুরুত্ব প্রদান করা বাঞ্চনীয় হবে। এ বিষয়ে উদ্যোক্তা ঋণ হিসেবে সিংগেল ডিজিট ভিত্তিক সার্ভিস চার্জে বেশি পরিমাণ পুজি সরবরাহ করা প্রয়োজন একইসাথে ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য মধ্যম ও দীর্ঘমেয়াদি বিশেষায়িত প্রশিক্ষণ বিষয়টিকে প্রধান্য দেয়ার প্রয়োজন রয়েছে।

দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ শীর্ষক প্রকল্প (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৮)

১। **বাস্তবায়নকারী সংস্থা** : পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

২। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৩। **প্রকল্পের অবস্থান** :

বিভাগের নাম	জেলার নাম	উপজেলার সংখ্যা	উপজেলার নাম
ঢাকা	ফরিদপুর	৭	আলফাডাঙ্গা, ভাঙ্গা, বোয়ালমারী, চরভদ্রাসন, নগরকান্দা, সদরপুর, সালথা
	গোপালগঞ্জ	৫	গোপালগঞ্জ সদর, কাশিয়ানি, কোটালীপাড়া, মোকছেদপুর, টুঙ্গীপাড়া
	রাজবাড়ী	৪	বালিয়াকান্দি, গোয়ালন্দ, পাংশা, রাজবাড়ী
রাজশাহী	রাজশাহী	৫	পুটিয়া, দূর্গাপুর, বাঘা, পবা, চারঘাট
	নাটোর	৬	নাটোর সদর, সিংড়া, গুরুদাসপুর, বরাইগ্রাম, লালপুর, বাগাতিপাড়া
	সিরাজগঞ্জ	৬	সিরাজগঞ্জ সদর, তারাস, রায়গঞ্জ, কাজীপুর, কামারখন্দ, শাহজাদপুর
রংপুর	গাইবান্ধা	৪	গাইবান্ধা সদর, পলাশবাড়ী, ফুলছড়ি, সাদুল্লাপুর
	রংপুর	৭	রংপুর সদর, তারাগঞ্জ, মিঠাপুকুর, পীরগঞ্জ, পীরগাছা, কাউনিয়া, গঙ্গাচরা
	লালমনিরহাট	৫	লালমনিরহাট সদর, আদিত্তমারি, হাতিবান্ধা, কালিগঞ্জ, পাঠগ্রাম
	নিলফামারী	৩	জলঢাকা, ডিমলা, কিশোরগঞ্জ
	কুড়িগ্রাম	৩	ভুরুঙ্গামারি, চররাজিবপুর, চিলমারী
বরিশাল	বরগুনা	৫	বরগুনা সদর, বেতাগী, আমতলী, বামনা, পাথরঘাটা
	পটুয়াখালী	৬	পটুয়াখালী সদর, দশমিনা, বাউফল, মির্জাগঞ্জ, গলাচিপা, কলাপাড়া
চট্রগ্রাম	বি-বাড়িয়া	৪	ব্রাহ্মনবাড়িয়া সদর, আখাউড়া, কসবা, সরাইল
	কুমিল্লা	৮	কুমিল্লা সদর (উঃ), কুমিল্লা সদর (দঃ), চান্দিনা, হোমনা, তিতাস, লাকসাম, চৌদ্দগ্রাম, দাউদকান্দি
সিলেট	সুনামগঞ্জ	২	ধর্মপাশা, জামালগঞ্জ
খুলনা	ঝিনাইদহ	৪	হরিনাকুন্ডু, শৈলকুপা, মহেশপুর, কোর্টচাঁদপুর
	কুষ্টিয়া	৬	কুষ্টিয়া সদর, কুমারখালী, খোকসা, ভেড়ামারা, মিরপুর, দৌলতপুর
	মেহেরপুর	৩	মেহেরপুর সদর, মুজিবনগর, গাংনী
	পাবনা	৭	পাবনা সদর, ঈশ্বরদী, আটঘড়িয়া, চাটমোহর, ভাঙ্গুরা, সাথিয়া, বেড়া
• **৭টি বিভাগের ২০টি জেলার ১০০টি উপজেলা**			

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
মোট-২৭১৪০.৬৭ টাকা-১৯৯৯০.৬৭ নিজস্ব অর্থায়ন-৭১৫০.০০	মোট-৩৩৪২৯.২৪ টাকা-২৬২৭৯.২৪ নিজস্ব অর্থায়ন-৭১৫০.০০	মোট-৩৩৪১০.৯৫ টাকা-২৬২৬০.৯৫ নিজস্ব অর্থায়ন-৭১৫০.০০	জুলাই ২০১২ হতে জুন ২০১৬ (৪৮ মাস)	জুলাই ২০১২ হতে জুন ২০১৮ (৭২ মাস)	জুলাই ২০১২ হতে জুন ২০১৮ (৭২ মাস)	৬২৭০.২৮ (২৩.১০%)	২৪ মাস (৫০%)

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন**

(লক্ষ টাকায়)

অনুমোদিত অংগের নাম		পরিমান/ সংখ্যা	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি		মন্তব্য
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	
১		২	৩	৪	৫	৬	৭
ক) রাজস্বঃ							
৪৫০১	অফিসারের বেতন	জন	৭৪৪.১৭	৮৩৮	৭৪৪.১৭	৮৩৮ **(১০০%)**	
৪৬০১	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	জন	৩৬৯.৪২	৮৩৮	৩৬৯.৪২	৮৩৮ **(১০০%)**	
৪৭০১	মহার্ঘ্য ভাতা	জন	৩.৬৪	১	৩.৬৪	১ **(১০০%)**	
৪৭০৫	বাড়ীভাড়া ভাতা	জন	২৪৮.৬৮	২২২	২৪৮.৬৮	২২২ **(১০০%)**	
৪৭১৩	উৎসব ভাতা	জন	১৩৭.৫৬	৮৩৮	১৩৫.৫৬	৮৩৮ **(১০০%)**	
৪৭১৭	চিকিৎসা ভাতা	জন	৮৬৫.৮৮	৮৩৮	৮৬৪.৭২	৮৩৮ **(১০০%)**	
৪৭২৫	ধোলাই ভাতা	জন	৩৬৯.৪২	৮৩৮	৩৬৯.৪২	৮৩৮ **(১০০%)**	
৪৭৩৭	দায়িত্ব ভাতা/প্রেষণ ভাতা	জন	৩.৬৪	১	৩.৬৪	১ **(১০০%)**	
৪৭৭৩	শিক্ষা ভাতা	জন	২৪৮.৬৮	২২২	২৪৮.৬৮	২২২ **(১০০%)**	
৪৭৯৫	অন্যান্য ভাতা	জন	১৩৭.৫৬	৮৩৮	১৩৫.৫৬	৮৩৮ **(১০০%)**	
উপমোট:			**৩১২৮.৬৫**		**৩১২৩.৪৯**		

অনুমোদিত অংগের নাম		পরিমান/ সংখ্যা	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি		মন্তব্য
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	
১		২	৩	৪	৫	৬	৭
সরবরাহ ও সেবা:							
৪৮০১	ভ্রমণ ভাতা	থোক	৮০৮.৫১	-	৮০৮.৫১	**১০০%**	
৪৮০২	বদলীজনিত ব্যয়	থোক	১১.০০	-	১১.০০	**১০০%**	
৪৮০৫	অধিকাল ভাতা	থোক	৫.০০	-	৫.০০	**১০০%**	
৪৮০৬	অফিস-ভাড়া	সংখ্যা	২৭২.১৫	১০৭	২৭২.১৫	১০৭ **(১০০%)**	
৪৮১৫	ডাক	থোক	৬.০০	-	৬.০০	**১০০%**	
৪৮১৬	টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার	সংখ্যা	৫৯.৫০	১০৭	৫৯.৫০	১০৭ **(১০০%)**	
৪৮২১	বিদ্যুৎ	সংখ্যা	৪৮.৭৫	১০৬	৪৮.৭৫	১০৬ **(১০০%)**	
৪৮২২	গ্যাস ও জ্বালানী	থোক	১.৩৪	-	১.৩৪	**১০০%**	
৪৮২৩	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক	৪০.০০	-	৩৯.৯৮	**১০০%**	
৪৮২৪	বীমা/ব্যাংক চার্জেস	থোক	৭৭.৩৭	-	৭৭.৩৭	**১০০%**	
৪৮২৭	মুদ্রণ, প্রকাশনা ও গবেষণা	থোক	১৪০.০০	-	১৪০.০০	**১০০%**	
৪৮২৮	ষ্টেশনারী/সীল/ষ্ট্যাম্প	থোক	৫৫.৮১	-	৫৫.৮১	**১০০%**	
৪৮৪০	প্রশিক্ষণ ব্যয় (স্থানীয় ও বৈদেশিক)	ব্যাচ	২২৫৯.৬৭	৬৫৩০	২২৫৩.৭৩	**৬৫৩০ (১০০%)**	
৪৮৪২	সেমিনার, কনফারেন্স	সংখ্যা	১১.০০	৮	১১.০০	**৮ (১০০%)**	
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	থোক	৪৮.০০	-	৪৮.০০	**১০০%**	
৪৮৪৬	পরিবহন ব্যয়	থোক	৫.০০	-	৫.০০	**১০০%**	
৪৮৮৩	সম্মানী	থোক	১৯.৯৪	-	১৮.২১	**১০০%**	
৪৮৮৩	মধ্যবর্তী মূল্যায়ন ব্যয়	সংখ্যা	৩০.০০	৩	৩০.০০	**৩ (১০০%)**	
৪৮৮৮	কম্পিউটার এক্সেসরিজ	থোক	১৬.০০	-	১৬.০০	**১০০%**	
৪৮৯৯	বিবিধ (অন্যান্য ব্যয়)	থোক	১২২.৩৩	-	১২১.৯৬	**১০০%**	
উপমোট			৪০৩৭.৩৭		৪০২৯.৩১		
মেরামত ও রক্ষণাবেক্ষণ							
৪৯০১	মোটর যানবাহন-মেরামত	থোক	৮.৩৫	-	৮.২৫	**১০০%**	
৪৯১১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত	থোক	৬.৬৫	-	৬.৬৫	**১০০%**	
উপমোট:			১৫.০০		১৪.৯০	-	
ক) সর্বমোট রাজস্ব			**১২৮৮৩.৪০**		**১২৮৭২.০৮**		
খ) মূলধন ব্যয়							
৬৮০৭	যানবাহন (জীপ)	সংখ্যা	৭৯.০৩	১	৭৯.০৩	**১ (১০০%)**	
৬৮০৭	যানবাহন (মোটর সাইকেল)	সংখ্যা	১২৩.০০	১০০	১২৩.০০	১০০ **(১০০%)**	
৬৮০৭	যানবাহন (বাইসাইকেল)	সংখ্যা	৭২.০০	৬০০	৭২.০০	৬০০ **(১০০%)**	
৬৮১২	ক্যামেরা	সংখ্যা	০.৩৪	২	০.৩৪	২ **(১০০%)**	

অনুমোদিত অংগের নাম		পরিমান/ সংখ্যা	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি		মন্তব্য
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	
১		২	৩	৪	৫	৬	৭
৬৮১৩	ফটোকপিয়ার মেশিন	সংখ্যা	৭.৯০	৭	৭.৯০	৭ **(১০০%)**	
৬৮১৩	মাল্টিমিডিয়া প্রজেক্টর	সংখ্যা	৫.২০	৭	৫.২০	৭ **(১০০%)**	
৬৮১৫	ল্যান যন্ত্রাংশ	সংখ্যা	০.০৯	১	০.০৯	১ **(১০০%)**	
৬৮১৫	ডেস্কটপ, ল্যাপটপ এন্ড অন্যান্য যন্ত্রাংশ	সংখ্যা	৩০৯.৫৯	৪৩৮	৩০৯.৫৯	৪৩৮ **(১০০%)**	
৬৮১৫	প্রিন্টার	সংখ্যা	২.২৮	৭	২.২৮	৭ **(১০০%)**	
৬৮২১	আসবাবপত্র (অফিস টেবিল এন্ড চেয়ার)	সংখ্যা	১৪১.৬৩	৮০৫	১৩৫.০১	৮০৫ **(১০০%)**	
৬৮২১	আসবাবপত্র (আলমিরা)	সংখ্যা	৪৯.৬০	১৯৬	৪৯.৪৮	১৯৬ **(১০০%)**	
৬৮২১	আসবাবপত্র (কম্পিউটার টেবিল এন্ড চেয়ার)	সংখ্যা	৬৫.১৯	৪৩১	৬৪.৯৬	৪৩১ **(১০০%)**	
৬৮২১	আসবাবপত্র (ফাইল কেবিনেট)	সংখ্যা	৩৯.৯৯	২১৬	৩৯.৯৯	২১৬ **(১০০%)**	
৭২৫৬	সীড ক্যাপিটাল (জিওবি)	সুফলভোগী সংখ্যা	১২৫০০.০০	১৯৩৩৩৫	১২৫০০.০০	১৯৩৩৩৫ **(১০০%)**	
৭২৫৬	সীড ক্যাপিটাল (পিডিবিএফ)	সুফলভোগী সংখ্যা	৭১৫০.০০০	১১৯১৭	৭১৫০.০০	১১৯১৭ **(১০০%)**	
উপ-মোট (মূলধন ব্যয়):			**২০৫৪৫.৮৪**		**২০৫৪৫.৮৪**		
সর্বমোট ব্যয় (রাজস্ব ও মূলধন):			**৩৩৪২৯.২৪**	**-**	**৩৩৪১০.৯৫**	১০০%	

তথ্য সূত্র: প্রাপ্ত পিসিআর অনুযায়ী

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** অনুমোদিত সকল অংগসমূহের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে বিধায় কোন কাজ অসমাপ্ত নেই।

৮। **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ **পটভূমি:**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্তণালয় এর অধীনে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) গ্রামীণ দরিদ্র্য জনগোষ্ঠীদেরকে সংগঠিত করে প্রয়োজনীয় ঋণ সহায়তা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে তাদেরকে সামাজিক ও অর্থনৈতিকভাবে ক্ষমতায়নের লক্ষ্যে কাজ করে।

পল্লী উন্নয়ন প্রকল্প-২ (আরপিপি) এবং আরডি-১২ প্রকল্পের সফল বাস্তবায়ন শেষে ১৯৯৯ সালে জাতীয় সংসদে গৃহিত আইনের মাধ্যমে 'পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন' প্রতিষ্ঠা করা হয় । বর্তমানে এ প্রতিষ্ঠানের সুবিধাভোগীর সংখ্যা ৭ লক্ষ ৫০ হাজার। পিডিবিএফ এর সুফলভোগীদের মধ্যে ৯৮ শতাংশ মহিলা । পিডিবিএফ এর কাযর্বক্রম সফলভাবে বাস্তবায়নের প্রেক্ষিতে আরো নতুন ২০টি জেলার ১০০টি উপজেলায় সম্প্রসারণের নিমিত্ত "দারিদ্র দুরীকরণ ও আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ" প্রকল্পটি ২৭১৪০.৬৭ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০১২-জুন,২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য গৃহীত হয়।

৮.২ **(ক) প্রকল্পের মূল উদ্দেশ্য**: ২০১৮ সালের মধ্যে বাংলাদেশের ২০টি জেলার ১০০ উপজেলার ২০৫২৫২টি গ্রামীণ পরিবারের আত্ম-কর্মসংস্থান

সৃষ্টি ও আয়বর্ধনমূলক কর্মকান্ডের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা।

(খ) প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহঃ

- নিয়মিতভাবে সঞ্চয় সংগ্রহ এবং ঋণ বিতরণের মাধ্যমে সুফলভোগীদের অর্থনৈতিক কর্মকান্ডের সুযোগ সৃষ্টি করা;
- প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি, ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ সহায়তার মাধ্যমে অধিক উৎপাদনশীলতা নিশ্চিত করা;
- বিভিন্ন আয় বৃদ্ধি মূলক প্রশিক্ষণের দ্বারা সুফলভোগীদের দক্ষতা উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করা;
- সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণের দ্বারা সুফলভোগীদের সচেতনতা বৃদ্ধি এবং নারীর ক্ষমতায়ন বৃদ্ধি করা;
- কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ সহায়তা প্রদান; এবং
- গ্রামীণ জনগোষ্ঠীর জন্য অতিরিক্ত আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করা।

প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রমূহ:

৮.৪
- ঋণ সহায়তা প্রদান;
- সুফলভোগী সদস্যদের পুঁজি গঠন;
- নারী উন্নয়ন ও নারী পুরুষের সমতা বিধানের জন্য সচেতনতা সৃষ্টিকরণ;
- সুফলভোগী সদস্যদেরকে দক্ষতা উন্নয়ন ও আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান;
- সামাজিক উন্নয়ন ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান;
- প্রশিক্ষণ পরবর্তী প্রয়োজনীয় ঋণ এবং কারিগরী সহায়তা প্রদান;
- সুফলভোগী ও কর্মীদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ প্রদান;
- একই ধরণের কর্মকান্ড ঐ এলাকায় সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ;
- সুফলভোগী সদস্যদের উৎপাদিত পণ্যের বিপনন কার্যক্রমে সহায়তা প্রদান এবং
- সুফলভোগী সদস্যদেরকে সরকারী, বেসরকারী ও অন্যান্য জাতি গঠনমূলক প্রতিষ্ঠানের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ।

৮.৫ **প্রকল্পের সংশোধন ও অনুমোদন অবস্থা:**

গ্রামের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে পিডিবিএফ বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় একটি উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা তৈরী পূর্বক স্মারক নং -পিডিবিএফ/এমডি/প্রকল্প প্রস্তাব-৫০/২০০৯/১৪০৯; তারিখ: ২৪/০১/২০১২ মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করে। অতপরঃ প্রকল্পটি বিগত ১২ ফেব্রুয়ারী ২০১২ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সুপারিশের ভিত্তিতে বিগত ০৫ জুন ২০১২ তারিখে "জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি" (ECNEC) সভায় পিডিবিএফ এর নিজস্ব অনুদান ৭১৫০.০০ লক্ষ টাকা সহ মোট ২৭১৪০.৬৭ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পটি চুড়ান্তভাবে অনুমোদন লাভ করেন। পরিকল্পনা কমিশনের ECNEC & Co-ordination উইং থেকে ১৭ জুলাই , ২০১২ তারিখে প্রকল্পটির সরকারী আদেশ (GO) জারী করা হয় এবং ১৮ জুলাই , ২০১২ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক প্রশাসনিক আদেশ লাভ করে। পরবর্তীতে প্রকল্পটি ২৮৮৩০ .৫৯ লক্ষ টাকা ব্যয়ে ১ম সংশোধিত প্রকল্প হিসেবে অনুমোদিত হয়। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ থেকে ১৭ নভেম্বর , ২০১৪ তারিখে ১ম সংশোধিত প্রকল্পটির প্রশাসনিক আদেশ জারী করা হয় এবং প্রকল্প কার্যক্রম চলাকালীন সময়ে বাস্তবতার নিরিখে কয়েকটি কোডে আন্তঃখাত সমন্বয়, আইটেম সংখ্যা ও প্রাক্কলিত ব্যয় পরিবর্তনের জন্য ১৩ মে, ২০১৫ তারিখে প্রকল্পটির আন্তঃখাত সমন্বয় অনুমোদিত হয়। পরিশেষে, ১৮ জুলাই ২০১৬ তারিখে ৩৩৪২৯.২৪ লক্ষ টাকা ব্যয়ে ২য় সংশোধিত আকারে প্রকল্পটি পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদন লাভ (GO) করে এবং ০১ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক একটি প্রশাসনিক আদেশ জারি করা হলে প্রকল্পটি জুলাই , ২০১২ থেকে জুন, ২০১৮ মেয়াদে সুষ্ঠুভাবে বাস্তবায়ন সম্পন্ন করা হয়।

১১.০ (ক) আরডিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা:১৭টি।

(খ) **পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য**

প্যাকেজ	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
		চুক্তির তারিখ	চুক্তিমূল্য (লক্ষ টাকায়)	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
১ম বছর (২০১২-১৩)						
জিডি-১ (জীপ গাড়ী)			৭৯.০৩	০৬.০৫.১৩	০৬.০৫.১৩	-
জিডি-২ (মোটর সাইকেল)			১২৩.০০	৩০.০৬.১৩	০৩.০৬.১৩	-
জিডি-৩ (অফিস আসবাবপত্র)			১০৫.১৫	৩০.০৬.১৩	৩০.০৬.১৩	-
জিডি-৪ (কম্পিউটার এন্ড অফিস সরঞ্জাম)			২০.৩১	৩০.০৬.১৩	১৬.০৬.১৩	-
জিডি-৫ (প্রিন্টিং)			১৮.২৫	৩০.০৬.১৩	৩০.০৬.১৩	-
২য় বছর (২০১৩-১৪)						
জিডি-১ (অফিস আসবাবপত্র)			২৪.২৫	৩০.০৬.১৪	৩০.০৬.১৪	-
জিডি-২ (প্রিন্টিং)			১৩.৫২	৩০.০৩.১৪	২৭.০৩.১৪	-
৩য় বছর (২০১৪-১৫)						
জিডি-১ (বাইসাইকেল)			৭১.২৫	৩০.০৬.১৫	১৭.০৫.১৫	-
জিডি-২ (মাল্টিমিডিয়া)			৪.৭২৫	৩০.০৬.১৫	২২.০৬.১৫	-
জিডি-৩ (কম্পিউটার সরঞ্জাম)			১০.১৫	৩০.০৬.১৫	২৪.০৬.১৫	-
জিডি-৪ (প্রিন্টিং)			৩৫.০০	৩০.০৬.১৫	৩০.০৬.১৫	-
৪র্থ বছর (২০১৫-১৬)						
জিডি-১ (অফিস আসবাবপত্র)			১৪.৫৩	৩০.০৬.১৬	৩০.০৬.১৬	-
জিডি-২ (অফিস আসবাবপত্র-আঞ্চলিক কার্যালয়)			৮৫.৩৭	৩০.০৬.১৬	০৬.০৬.১৬	-
জিডি-৩ (প্রিন্টিং)			৪৫.৭৮	৩১.১২.১৬	১৫.১২.১৬	-
৫ম বছর (২০১৬-১৭)						
জিডি-১ (কম্পিউটার সরঞ্জাম)			২৮৬.৮৪	২৮.০২.১৭	২৩.০২.১৭	-
জিডি-২ (অফিস আসবাবপত্র)			৫৯.৩২	৩০.০৩.১৭	১৫.০৩.১৭	-
৬ষ্ঠ বছর (২০১৭-১৮)						
জিডি-১ (প্রিন্টিং)			২৭.৪৫	৩০.০৬.১৮	৩০.০৬.১৮	-

১০। **প্রকল্প পরিদর্শন:**

দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ-২য় সংশোধিত সমাপ্ত প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের জন্য গত ০১.১২.২০১৮ তারিখ রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার তোরাপ শেখপাড়া মহিলা সমিতি, সোনাউল্লাপাড়া মহিলা সমিতি, রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার ক্ষুদ্র উদ্যোক্তা জনাব মোঃ আমিনুল ইসলাম বাকের এর বেস্ট ব্যাগ এন্ড প্যাকেজিং কারখানা এবং রাজবাড়ী সদর উপজেলার বড় চড়বেনিনগর মহিলা সমিতি ও রামকৃষ্ণপুর উত্তরপাড়া মহিলা সমিতির প্রকল্প কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। কুষ্টিয়া জেলার খোকশা উপজেলার শিমুলিয়া কুঠিপাড়া মহিলা সমিতি প্রকল্প কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। এছাড়াও গত ০২.১২.২০১৮ তারিখে কুষ্টিয়া সদর উপজেলার কাথুলিয়া খাঁপাড়া মহিলা সমিতি এবং ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার ভাটই দক্ষিণপাড়া মহিলা সমিতির প্রকল্প কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রকল্পের কর্মকর্তা /কর্মচারী ও সুফলভোগীদের সাথে মতবিনিময় করা হয়।

১১.০ পরিদর্শনকালীন সময়ে কার্যক্রমের সাধারণ পর্যবেক্ষণ:

১১.১ পরিদর্শনকালীন সময়ে জানা যায় তোরাপ শেখপাড়া মহিলা সমিতিটি ২১.০৭.২০১৩ তারিখে রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলা কার্যালয় কর্তৃক স্বীকৃতি প্রদান করা হয়। সমিতিটিতে ১০টি দলে মোট সুফলভোগী সদস্য সংখ্যা ৫০ জন। মোট ঋণী সদস্য ৩৩ জন। উক্ত সমিতিতে কৃষি কাজ, গাভী পালন, ক্ষুদ্র ব্যবসা এবং পশু মোটাতাজাকরণের উপর মোট ৯.৪৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এ সমিতির মোট ৩৫ জন সুফলভোগী সদস্যকে দক্ষতা উন্নয়ন, নেতৃত্ব বিকাশ ও সমাজিক উন্নয়নের উপর ৩দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং সমিতির ঋণ আদায়ের হার ৯৯%। এছাড়া একই উপজেলার সোনাউল্লা পাড়া মহিলা সমিতিটিতে ৭টি দলে মোট সুফলভোগী সদস্য সংখ্যা ৩১ জন। মোট ঋণী সদস্য ১৭ জনের মধ্যে কৃষি কাজ, গাভী পালন, ক্ষুদ্র ব্যবসা এবং পশু মোটাতাজাকরণের উপর মোট ৪.৪০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। উক্ত সমিতির ২১ জন সুফলভোগী সদস্যকে দক্ষতা উন্নয়ন, নেতৃত্ব বিকাশ ও সমাজিক উন্নয়নের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং সমিতির ঋণ আদায়ের হার ৯৯%।

পরিদর্শনকালীন সময়ে পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্পের বিভিন্ন তথ্যাদি নিয়ে পিডিবিএফি এর কর্মকর্তা, কর্মচারী ও সুফলভোগী সদস্যদের সাথে মত বিনিময় করা হয়।





চিত্রঃ পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্পের রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন ও সুফলভোগী সদস্যদের সাথে মতবিনিময়

১১.২ দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ-২য় সংশোধিত সমাপ্ত প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের জন্য গত ০১ .১২.২০১৮ইং তারিখে ফরিদপুর অঞ্চলাধীন রাজবাড়ী সদর উপজেলার বড় চড়বেনিনগর মহিলা সমিতিটির কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জানা যায় , সমিতিটি



বিগত ০১.১২.২০১৩ইং তারিখে রাজবাড়ী সদর উপজেলা কার্যালয় কর্তৃক স্বীকৃতি প্রদান করা হয়। সমিতিটিতে ৮টি দলে মোট সুফলভোগী সদস্য সংখ্যা ৩৯ জন। মোট ঋণী সদস্য ১৯ জন। উক্ত সমিতিটিতে কৃষি কাজ, গাভী পালন, ক্ষুদ্র ব্যবসা এবং পশু মোটাতাজাকরণের উপর এ পর্যন্ত মোট ২৪.০৮ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উক্ত সমিতির ৫ জন সুফলভোগী সদস্যকে সামাজিক উন্নয়ন ও নেতৃত্ব বিকাশ, ১২ জন সুফলভোগী সদস্যকে গাভী পালনের উপর দক্ষতা উন্নয়ন , ৫জন সুফলভোগী সদস্যকে শাক -সবজি চাষের উপর এবং ৬ জন সুফলভোগী সদস্যকে মোরগ-মুরগী পালনের উপর এবং ৭ জন সুফলভোগী সদস্যকে ছাগল পালনের উপর অর্থাৎ মোট ৩৫ জন সুফলভোগী সদস্যকে ৩দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং উক্ত সমিতির ঋণ আদায়ের হার ১০০% |

পরিদর্শনকালীন সময়ে পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্পের বিভিন্ন তথ্যাদি নিয়ে পিডিবিএফি এর কর্মকর্তা, কর্মচারী ও সুফলভোগী

সদস্যদের সাথে মত বিনিময় করা হয়।

১১.৩ দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ-২য় সংশোধিত সমাপ্ত প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের জন্য গত ০১.১২.২০১৮ইং তারিখে কুষ্টিয়া জেলার খোকশা উপজেলার শিমুলিয়া কুঠিপাড়া মহিলা সমিতিটির কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জানা যায়, শিমুলিয়া কুঠিপাড়া মহিলা সমিতিটি ১৮.০৭.২০১৩ ইং তারিখে খোকশা উপজেলা কার্যালয় কর্তৃক স্বীকৃতি প্রদান করা হয়। সমিতিটিতে ১১টি দলে মোট সুফলভোগী সদস্য সংখ্যা ৫৫ জন। মোট ঋণী সদস্য ৪৫ জন । সমিতিটিতে কৃষি কাজের উপর ১৪ জন , গাভী পালনের উপর ১৩জন , ক্ষুদ্র ব্যবসার উপর ১২ জন , এবং পশু মোটাতাজাকরণের উপর ৬জন সুফলভোগী সদস্যদেরকে মোট ৭ .৭৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উক্ত সমিতির ৪০ জন সুফলভোগী সদস্যকে দক্ষতা উন্নয়ন, নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়নের উপর উপজেলা পর্যায়ে ৩দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং উক্ত সমিতির ঋণ আদায়ের হার ৯৯% |

পরিদর্শনকালীন সময়ে পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্পের বিভিন্ন তথ্যাদি নিয়ে পিডিবিএফি এর কর্মকর্তা , কর্মচারী ও সুফলভোগী সদস্যদের সাথে মত বিনিময় করা হয়।









গত ০১.১২.২০১৮ ইং তারিখেকুষ্টিয়া অঞ্চলাধীন খোকশা উপজেলার শিমুলিয়া কুঠিপাড়া মহিলা সমিতিটির কার্যক্রম

সরেজমিনে পরিদর্শন ও সুফলভোগীদের সাথে মতবিনিময়।

১১.৪ দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ-২য় সংশোধিতসমাপ্ত প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের জন্যগত ০২ .১২.২০১৮ইং তারিখে কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর উপজেলার কাথুলিয়া খাঁ পাড়া মহিলা সমিতিটির কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। সমিতিটি গত ২০ .০২.২০১৪ইং তারিখে উপজেলা কার্যালয় কর্তৃক স্বীকৃতি প্রদান করা হয়। সমিতিটিতে ১৪টি দলে মোট সুফলভোগী সদস্য সংখ্যা ৭০ জন। মোট ঋণী সদস্য ৬৫ জন। এর মধ্যে কৃষি কাজের উপর ২৫ জনকে ৭ .০০ লক্ষ, গাভী পালনের উপর ১০ জনকে ৪.০০ লক্ষ, ক্ষুদ্র ব্যবসার উপর ২০ জনকে ৩ .০০ লক্ষ এবং পশু মোটাতাজাকরণের উপর ১০ জনকে ১.০০ লক্ষ টাকাসহ মোট ১৫ .০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।উক্ত সমিতির ৫৮ জন সুফলভোগী সদস্যকে দক্ষতা উন্নয়ন, নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়নের উপর ৩দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং উক্ত সমিতির ঋণ আদায়ের হার ৯৯% ।

পরিদর্শনকালীন সময়ে পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্পের বিভিন্ন তথ্যাদি নিয়ে পিডিবিএফি এর কর্মকর্তা, কর্মচারী ও সুফলভোগী সদস্যদের সাথে মত বিনিময় করা হয়।









গত ০২.১২.২০১৮ইং তারিখে কুষ্টিয়া অঞ্চলাধীন কুষ্টিয়া সদর উপজেলার কাথুলিয়া খাঁ পাড়া মহিলা সমিতিটির কার্যক্রম সরেজমিনে পরিদর্শন ও সুফলভোগীদের সাথে মতবিনিময় সভা চলাকালীন সময়

১১.৫ দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ-২য় সংশোধিতসমাপ্ত প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের জন্যগত ০২.১২.২০১৮ইং তারিখে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার ভাটই দক্ষিন পাড়া মহিলা সমিতিটির কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। সমিতিটিতে ৭টি দলে মোট সুফলভোগী সদস্য সংখ্যা ৩৫ জন। মোট ঋণী সদস্য ২৫ জন। সমিতিটেতে ৫ জন সদস্যকে গাভী পালনের উপর ৩ .২০ লক্ষ টাকা , ৫জন সুফলভোগী সদস্যকে পশু মোটাতাজাকরণের উপর ১.৮০ লক্ষ টাকা, ২ জন সুফলভোগী সদস্যকে ছাগল পালনের উপর ০ .৪০ লক্ষ টাকা, ৩ জন সুফলভোগী সদস্যকে

মোরগ-মুরগী পালনের উপর ০ .৩০ লক্ষ টাকা , ৫ জন সুফলভোগী সদস্যকে সোলাই মেশিন (দর্জির কাজ) বাবদ ১.২০ লক্ষ টাকা এবং অবশিষ্ট ৫ জন সুফলভোগী সদস্যকে পল্লী পরিবহণের উপর ১ .৭০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উক্ত সমিতির ৮ জন সুফলভোগী সদস্যকে সামাজিক উন্নয়ন ও নেতৃত্ব বিকাশ , ৬ জন সুফলভোগী সদস্যকে গাভী পালনের উপর দক্ষতা উন্নয়ন , ৪জন সুফলভোগী সদস্যকে মৎস্য চাষের উপর, ২ জন সুফলভোগী সদস্যকে শাক -সবজি চাষের উপর এবং ৫ জন সুফলভোগী সদস্যকে পশু মোটাতাজাকরণের উপর ৩দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং উক্ত সমিতির ঋণ আদায়ের হার ৯৯% |

পরিদর্শনকালীন সময়ে পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্পের বিভিন্ন তথ্যাদি নিয়ে পিডিবিএফি এর কর্মকর্তা, কর্মচারী ও সুফলভোগী

সদস্যদের সাথে মত বিনিময় করা হয়।





গত ০২.১২.২০১৮ইং তারিখে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার ভাটই দক্ষিন পাড়া মহিলা সমিতিটির কার্যক্রম সরেজমিনে

পরিদর্শন ও সুফলভোগীদের সাথে মতবিনিময় সভা চলাকালীন সময়

১২.০ প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি:

প্রকল্পটি জুলাই, ২০১২ থেকে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৭১৪০ .৬৭ (জিওবি: ১৯৯৯০.৬৭; পিডিবিএফ নিজস্ব: ৭১৫০.০০) লক্ষ টাকা প্রাক্কলতি ব্যয়ে অনুমোদিত হয় ও পরর্বতীতে প্রকল্প বাস্তবায়ন সময়কাল ঠিক রেখে ২৮৮৩০ .৫৯ (জিওবি: ২১৬৮০.৫৯; পিডিবিএফ নিজস্ব: ৭১৫০.০০) লক্ষ টাকা প্রাক্কলতি ব্যয়ে ১ম সংশোধনর্পূবক প্রকল্পটি অনুমোদন করা হয়। এছাড়া পরর্বতীতে প্রকল্প মেয়াদ ২ বছর বৃদ্ধি করে র্অথাৎ জুলাই , ২০১২ থেকে জুন , ২০১৮ মেয়াদে ৩৩৪২৯ .২৪ (জিওবি: ২৬২৭৯.২৪; পিডিবিএফ নিজস্ব: ৭১৫০.০০) লক্ষ টাকা প্রাক্কলতি ব্যয়ে ২য় সংশোধনর্পূবক প্রকল্পটি অনুমোদন করা হয়। প্রকল্পটির কার্যক্রম দেশের ৭টি বিভাগের ২০টি জেলার (রংপুর, লালমনিরহাট, নীলফামারী, কুড়িগ্রাম, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, রাজশাহী, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, গাইবান্দা, ঝিনাইদহ, কুষ্টিয়া, মেহেরপুর, বরগুনা, পটুয়াখালী, ব্রাহ্মনবাড়ীয়া, কুমিল্লা এবং সুনামগঞ্জ) ১০০টি উপজেলায় বাস্তবায়িত হয়েছে। বর্ণিত প্রকল্পের মাধ্যমে অভিষ্ট জনগোষ্ঠীর জন্য নিয়মিতভাবে সঞ্চয় সংগ্রহ এবং ঋণ বিতরণের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ডের সুযোগ সৃষ্টি , প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি , ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ সহায়তার মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি এবং নারীর ক্ষমতায়ন বৃদ্ধি , কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে ১০ লক্ষ জনগোষ্ঠীর দারিদ্র্য নিরসন , জীবনযাত্রার মান উন্নয়ন, আয় বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্যানুযায়ী বর্ণিত প্রকল্পটি প্রকল্প নির্দিষ্ট সময় র্অথাৎ জুলাই , ২০১২ থেকে জুন, ২০১৮ মেয়াদে ৩৩৪১০.৯৫ (জিওবি: ২৬২৬০.৯৫; পিডিবিএফ নিজস্ব: ৭১৫০.০০) লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়ন সম্পন্ন করা হয়। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯৯.৯৫% এবং বাস্তব অগ্রগতি ১০০% |

বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় মোট ৬৩১৪টি সংগঠন সৃষ্টির মাধ্যমে মোট ২ ,০৯,৭৯৯ জন সুফলভোগী সদস্যের মধ্যে ১,০৯,৬৫০ লক্ষ টাকা (ক্রমপুঞ্জিত) ঋণ সুবিধা প্রদান করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে মোট ৮০৪৫ .৯২ লক্ষ টাকা সুফলভোগী সদস্যদের আমানত সৃষ্টি/পুঁজি গঠন করা হয়েছে। এছাড়াও বর্ণিত প্রকল্পের আওতায় ৮০ ,৭২৫ জন সুফলভোগী সদস্যকে সামাজিক উন্নয়ন ও নেতৃত্ব বিকাশ প্রশিক্ষণ, ৮০৭২৫ জন সুফলভোগী সদস্যকে কৃষি , প্রাণী সম্পদ ও মৎস্য বিষয়ের উপর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ , ৩০০ জন সুফলভোগী সদস্যকে প্যারাটেকনিশিয়ান প্রশিক্ষণ এবং প্রকল্পভুক্ত ১২৫০ জন কর্মকর্তা/কর্মচারীর দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রকল্পের সুফলভোগী সদস্যদের মধ্যে প্রায় শতভাগ নারী সদস্য।

এক নজরে পিডিবিএফ কর্তৃক বাস্তবায়িত‘‘দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ-২য় সংশোধিত’’ প্রকল্প এর সামগ্রিক চিত্রঃ

ক্রঃ নং	বিষয়	প্রকল্পের মোট লক্ষ্যমাত্রা।	লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন (জুন, ২০১৮ পর্যন্ত)
১	অঞ্চলের সংখ্যা	৬টি	৬টি
২	জেলার সংখ্যা	২০টি	২০টি
৩	উপজেলার সংখ্যা	১০০টি	১০০টি
৪	সমিতি /সংগঠন সৃজন	৬,০০০টি	৬,৩১৪
৫	**মোট সুফলভোগী সদস্য**	**২,০৫,২৫২ জন**	**২,০৯,৭৯৯ জন**
৬	সংগঠিত সুফলভোগীর সংখ্যা (ক্ষুদ্র ঋণ)	১,৯৩,৩৩৫ জন	২,০১,১০৭ জন
৭	মোট ক্ষুদ্র উদ্যোক্তার সংখ্যা	১১,৯১৭ জন	৮,৬৯২ জন
৮	**প্রকল্প শেষে মোট সঞ্চয় স্থিতি (কোটি টাকায়)**	**৫৮.০০০৫**	**৮০.৪৫৯২**
৯	**মোট ঋণ বিতরণ (কোটি টাকায়)**	**৩১১.৬৫**	**১০৯৬.৫০**
১০	ক্ষুদ্র ঋণ (কোটি টাকায়)	২০৯.৮৪	৮০৭.৮৬
	ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ (কোটি টাকায়)	১০১.৮১	২৮৮.৬৪
	মোট ঋণ আদায় (কোটি টাকায়)	**২৭৯.১৩**	**১০০৮.৭৪**
১১	ক্ষুদ্র ঋণ (কোটি টাকায়)	১৯৮.৭৮	৭৬৩.২০
	ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ (কোটি টাকায়)	৮০.৩৫	২৪৫.৫৮
	মাঠেপাওনা ঋণ (কোটি টাকায়)	**১৯৭.১৭**	**২২৪.৪২**
১২	ক্ষুদ্র ঋণ (কোটি টাকায়)	১২৬.০৪	১৪১.৬১
	ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ (কোটি টাকায়)	৭১.১৩	৮২.৮১
	ঋণ আদায় হার (%)	১০০%	৯৮%
১৩	**মোট সদস্য প্রশিক্ষণ(প্রশিক্ষণার্থী সদস্য সংখ্যা)**	**১৬৩০৫০** জন	**১৬৩০০০** জন
১৪	নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ	৮০৭৫০ জন	৮০৭২৫ জন
	আইজিএ ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ	৮০৭৫০ জন	৮০৭২৫ জন
	প্যারাটেকনিশিয়ান প্রশিক্ষণ	৩০০ জন	৩০০ জন
১৫	প্রকল্পভুক্ত কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণ	১২৫০ জন	১২৫০ জন

১৩। **প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ অবমুক্ত ও ব্যয়ের চিত্র**

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত এডিপি বরাদ্দ			অর্থছাড় (জিওবি)	ব্যয়			সমর্পণকৃত অর্থ (টাকা)
	মোট	টাকা	পিডিবিএফ		মোট	টাকা	পিডিবিএফ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১২-২০১৩	**২০১৯.৮৭**	১০১৯.৮৭	১০০০.০০	১০১৯.৬৭	২০১৩.৮৭	১০১৩.৮৭	১০০০.০০	
২০১৩-২০১৪	**৫২০০.০০**	৩২০০.০০	২০০০.০০	৩২০০.০০	৫১৯৯.৮৯৩২	৩১৯৯.৮৯৩২	২০০০.০০	
২০১৪-২০১৫	**৫৭০০.০০**	৩৭০০.০০	২০০০.০০	৩৭০০.০০	৫৬৯৯.৯৮১২	৩৬৯৯.৯৮১২	২০০০.০০	
২০১৫-২০১৬	**৭৮৫০.০০**	৫৮০০.০০	২০৫০.০০	৫৮০০.০০	৭৮৫০.০০	৫৮০০.০০	২০৫০.০০	
২০১৬-২০১৭	**৭০৫০.০০**	৭০০০.০০	৫০.০০	৭০০০.০০	৭০৪৯.০০	৬৯৯৯.৭৫	৫০.০০	
২০১৭-২০১৮	**৫৬০৯.০০**	৫৫৫৯.০০	৫০.০০	৫৫৫৯.০০	৫৫৯৭.০০	৫৫৪৭.৪৫৭৩	৫০.০০	
মোট:	৩৩৪২৮.৮৭	২৬২৭৮.৮৭	৭১৫০.০০	২৬২৭৮.৬৭	৩৩৪১০.৯৫	২৬২৬০.৯৫	৭১৫০.০০	

তথ্য সূত্র: পিসিআর অনুযায়ী

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** অনুমোদিত প্রকল্পটির শুরু থেকে শেষ পর্যন্ত প্রকল্প পরিচালকের দায়িত্বে (প্রেষণে) থাকা কর্মকর্তাদের নাম ও পদবী, যোগদানের তারিখ ও বদলীর তারিখ নিম্নে দেওয়া হলো:

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
মো: সগির হোসাইন অতিরিক্ত পরিচালক	**পূর্ণকালীন**	-	০৪/০৯/২০১২	৩১/১২/২০১৫
ড. মো: মনারুল ইসলাম জয়েন্ট ডাইরেক্টর	**পূর্ণকালীন**	**-**	০১/০১/২০১৬	৩০/০৬/২০১৮

১৫। **প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন:**

প্রকল্পের উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
(ক)	নিয়মিতভাবে সঞ্চয় সংগ্রহ এবং ঋণ বিতরণের মাধ্যমে সুফলভোগীদের	(ক)	এ প্রকল্পের মাধ্যমে মোট ৮০৪৫ .৯২ লক্ষ টাকা সুফলভোগী সদস্যদের নিজস্ব আমানত সৃষ্টি/পুঁজি গঠন করা সম্ভব হয়েছে। ক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদানের মাধ্যমে মোট ২,০৯,৭৯৯ জন সুফলভোগী সদস্যের মধ্যে ৮০,৭৮৬.০০ লক্ষ টাকা

প্রকল্পের উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
	অর্থনৈতিক কর্মকান্ডের সুযোগ সৃষ্টি করা;		(ক্রমপুঞ্জিত) ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ডের সুযোগ সৃষ্টি করা হয়েছে। তবে, ঋণের পরিমাণ চাহিদার তুলনায় কম হওয়ায় সুফলভোগীদের অর্থনৈতিক কর্মকান্ডের আশানুরূপ সুযোগ সৃষ্টি হয়নি মর্মে প্রতীয়মান হয়।
(খ)	প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি, ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ সহায়তার মাধ্যমে অধিক উৎপাদনশীলতা নিশ্চিত করা;	(খ)	বর্ণিত প্রকল্পের আওতায় ৮০,৭২৫ জন সুফলভোগী সদস্যকে কৃষি, প্রাণী সম্পদ ও মৎস্য বিষয়ের উপর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, ৩০০ জন সুফলভোগী সদস্যকে প্যারাটেকনিশিয়ান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ পরবর্তী মোট ২,০৯,৭৯৯ জন সুফলভোগী সদস্যের মধ্যে ৮০,৭৮৬.০০ লক্ষ টাকা (ক্রমপুঞ্জিত) ঋণ সুবিধা প্রদান করা হয়েছে। প্রাপ্ত তথ্য বিশ্লেষণ হতে দেখা যায়-গড়ে প্রতিজন সদস্য ক্রমপুঞ্জিত আকারে প্রকল্প মেয়াদে ৩৮,০০০/- টাকা ঋণ পেয়েছেন যা ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য মোটেই পর্যাপ্ত নয়। এ প্রকল্পের প্রশিক্ষণ কারিকুলাম, মেয়াদ, কনটেন্ট ইত্যাদি পর্যবেক্ষণ করে দেখা যায়-প্রশিক্ষণসমূহ যথেষ্ট মানসম্মত ছিলনা। ফলে এ ধরণের প্রশিক্ষণ ক্ষুদ্র উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে সীমিত অবদান রেখেছে।
(গ)	বিভিন্ন আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণের দ্বারা সুফলভোগীদের দক্ষতা উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করা;	(গ)	বর্ণিত প্রকল্পের আওতায় ৮০৭২৫ জন সুফলভোগী সদস্যকে কৃষি , প্রাণী সম্পদ ও মৎস্য বিষয়ের উপর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ , ৩০০ জন সুফলভোগী সদস্যকে প্যারাটেকনিশিয়ান প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রায় ২.০০ লক্ষাধিক সুফলভোগীর আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। সকল প্রশিক্ষনই স্থানীয় পর্যায়ে প্রদান করা হয়েছে, যা বাস্তবধর্মী কিন্তু প্রশিক্ষণের কার্যকারিতা বৃদ্ধির জন্য এর গুণগতমান আরও উন্নত করার আবশ্যকতা রয়েছে।
(ঘ)	সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণের দ্বারা সুফলভোগীদের সচেতনতা বৃদ্ধি এবং নারীর ক্ষমতায়ন বৃদ্ধি করা;	(ঘ)	প্রকল্পের আওতায় ৮০,৭২৫ জন সুফলভোগী সদস্যকে সামাজিক উন্নয়ন, দল উন্নয়ন ও নেতৃত্ব বিকাশ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন বৃদ্ধি করতে সহায়ক ভুমিকা পালন করেছে। উল্লেখ্য যে, প্রকল্পের সুফলভোগী সদস্যদের মধ্যে প্রায় শতভাগ নারী সদস্য। সকল উপকারভোগী নারী হওয়ায় নারীর আর্থিক ক্ষমতা, সামাজিক ক্ষমতা এবং নারীর আর্থ-সামাজিক মর্যাদা বৃদ্ধিতে প্রকল্পটি ইতিবাচক অবদান রাখতে সক্ষম হয়েছে।
(ঙ)	কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে ঋণ সহায়তা প্রদান; এবং	(ঙ)	প্রকল্পের আওতায় ক্ষুদ্র ঋণের পাশাপাশি অধিকতর সক্ষম সুফলভোগী সদস্যকে পর্যায়ক্রমে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদান করা হয়েছে। প্রকল্প চলাকালীন সময় পর্যন্ত মোট ৮,৬৯২ জন উদ্যোক্তার মাঝে মোট ২৪৫৫৮.০০ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়। এ কার্যক্রমের ফলে ৪৩৪৬০ জনের কর্ম-সংস্থান করা হয়েছে। তথ্য বিশ্লেষণ করে দেখা যায়-গড়ে ক্রমপুঞ্জিত আকারে প্রত্যেক ক্ষুদ্র উদ্যোক্তা প্রকল্প মেয়াদে ২.৮২ লক্ষ টাকা ঋণ পেয়েছেন। অপরদিকে, প্রতি ক্ষুদ্র উদ্যোক্তা প্রকল্প মেয়াদে গড়ে ৫ জনের কর্মসংস্থান সৃষ্টি করেছেন মর্মে দেখা যায়। প্রায় ৩ লক্ষ টাকা বিনিয়োগের মাধ্যমে ৫ জনের কর্মসংস্থান সৃষ্টি হওয়ার কথা নয়, এক্ষেত্রে প্রকল্প এলাকা পরিদর্শন করে দেখা যায়-প্রত্যেক ক্ষুদ্র উদ্যোক্তা প্রকল্প থেকে প্রাপ্ত ঋণের কয়েকগুণ পুঁজি নিজের উৎস থেকে অথবা অন্য কোন উৎম হতে সংগ্রহ করে বিনিয়োগ করেছেন। ফলে এ প্রকল্প কর্মসংস্থান সৃষ্টির শতভাগ দাবিদার নয়। কর্মসংস্থান সৃষ্টিতে এ প্রকল্পের অবদান বৃদ্ধির জন্য ক্ষুদ্র উদ্যোক্তা ক্যাটাগরিতে ঋণের যোগান আরও বৃদ্ধির আবশ্যকতা রয়েছে।
(চ)	গ্রামীণ জনগোষ্ঠীর জন্য অতিরিক্ত আত্ম-	(চ)	২০১৮ সালের মধ্যে বাংলাদেশের ২০টি জেলার ১০০ উপজেলার ২০৫২৫২টি গ্রামীণ

প্রকল্পের উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
	কর্মসংস্থান সৃষ্টি করা।		পরিবারের প্রায় ১০.০০ লক্ষ গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, আয়বর্ধনমূলক কর্মকান্ড ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা। মূলত: গ্রামীণ নারীদেরকে প্রশিক্ষনের মাধ্যমে ঋণ সরবরাহের দ্বারা আত্মকর্মসংস্থান কার্যক্রমে সম্পৃক্ত করে দারিদ্র বিমোচনই ছিল এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য । এক্ষেত্রে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সম্পূরক কর্মসংস্থান সৃষ্টি করে গ্রামীণ অর্থনৈতিক কার্যক্রমে প্রাণচাঞ্চল্য আনয়নের উদ্দেশ্য থাকলেও ছাগল পালন, পোল্ট্রি ফার্ম, গরু মোটাতাজাকরণ ইত্যাদি কাজে কিছু অতিরিক্ত আত্ম-কর্মসংস্থান সৃষ্টি হলেও বেশি মাত্রায় কর্মসংস্থান সৃজনের জন্য উদ্যোক্তা পর্যায়ে যে পরিমাণ পুঁজি থাকা প্রয়োজন ছিল পিডিএফ গ্র্যাজুয়েটদের সে পরিমান পুজি না থাকায় অতিরিক্ত কর্মসংস্থান আশানুরূপ হয়নি ।

১৬। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ** প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৭.০ পরিদর্শনকালে প্রাপ্ত পর্যবেক্ষণসমূহঃ

"দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন কাযক্রম সরেজমিনে উপস্থিত থেকে পর্যবেক্ষণ করা হয়েছে। প্রকল্প কার্যক্রম সরেজমিনে পরিদর্শন , ডিপিপি পর্যালোচনা, প্রকল্প সমাপ্তি প্রতিবেদন, প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও সুফলভোগী সদস্যদের সাথে আলাপ-আলোচনার ভিত্তিতে প্রকল্প কার্যক্রমের পর্যবেক্ষণসমূহ নিম্নে বর্ণিত হলোঃ

১) প্রকল্পের লক্ষ্যমাত্রা ভিত্তিক অর্জন সন্তোষজনক।কর্মীদের মধ্যে চমৎকার আন্ত:ব্যক্তিক সম্পর্ক ও টীম স্পিরিট পরিলক্ষিত হয়েছে;

২) বর্তমানে প্রায় শতভাগ ঋণের কিস্তি আদায় সম্ভব হচ্ছে। তবে মাঠ সংগঠক কর্তৃক সদস্য বাছাই করে ভর্তির ক্ষেত্রে কিছু কিছু ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে;

৩) প্রকল্প থেকে সুফলভোগী সদস্যদের মাঝে বিতরণকৃত সমুদয় ঋণ বিভিন্ন আয়-বর্ধনমূলক (আইজিএ) কর্মকান্ডে সঠিকভাবে অধিকাংশ সদস্যরা ব্যবহার করতে সক্ষম হচ্ছেন;

৪) অধিকাংশ সুফলভোগী সদস্যগণ নিজ নিজ সমিতিতে গরু মোটাতাজাকরণ, দুগ্ধবতী গাভীপালন,ছাগল পালন, হাঁস পালন, মোরগ-মুরগী পালন, শাক-সব্জী চাষ, মাছ চাষ, ক্ষুদ্র ব্যবসা ইত্যাদি আয়বর্ধনমুলক কর্মকান্ডে ঋণের টাকা ব্যবহার করছেন;

৫) প্রায় সকল সদস্যই পরিদর্শনকালে জানান যে ঋণের সুদ হার (সার্ভিস চার্জ) ১০% এর বেশি হওয়ায় তা পরিশোধ করা তাদের জন্য কষ্টকর হচ্ছে । ঋণগ্রহীতাগণ মনে করেন ঋণের সুদের হার ১০% এর কম হওয়া উচিত । একই সাথে ঋণ প্রদানের পর কিস্তি আদায় শুরু হওয়ার মধ্যে কিছুটা সময় গ্রেস পিরিয়ড থাকা বাঞ্চনীয়, যা এ প্রকল্পে নেই। অনেকেই মনে করেন গরু মোটাতাজাকরণ ও গাভী পালন সংক্রান্ত ঋণের ক্ষেত্রে মাসিক/সাপ্তাহিক কিস্তির পরিবর্তে এককালীন পরিশোধযোগ্য হওয়া প্রয়োজন । বাস্তবতা বিবেচনায় সুবিধাভোগীদের এসকল দাবী অত্যন্ত যৌক্তিক বলে প্রতীয়মান হয় । উল্লেখ্য যে, একই মন্ত্রণালয়ের অন্যান্য প্রকল্পে গ্রামীণ নারীদেরকে ১০% এর কম সুদে ঋণ প্রদান করা হচ্ছে ।

৬) কোন কোন সদস্য গরু/গাভী ক্রয়ের ক্ষেত্রে পর্যাপ্ত পরিমাণ ঋণ না পাওয়ায় উক্ত ঋণের সাথে নিজস্ব তহবিল যোগ করতে হয়। প্রথম দফা ঋণের ক্ষেত্রে গরু/গাভী ক্রয়ের জন্য ঋণ অপ্রতুলতার কারণে ঐ সকল সদস্যগণকে বাধ্য হয়ে অতিরিক্ত নিজস্ব তহবিলের যোগান দিতে হচ্ছে;

৭) যে সকল ঋণ গ্রহীতা নিয়মিত ক্ষুদ্র ঋণ পরিশোধ করে দক্ষ উদ্যোক্তায় পরিণত হয়েছেন তাদেরকে উদ্যোক্তা ঋণ হিসেবে বেশি পরিমাণ পুজি সরবরাহ করা প্রয়োজন । যদিও এ প্রকল্প থেকে চাহিদা অনুযায়ী অধিক পরিমাণ পুজি সরবরাহ করা হচ্ছে না । এছাড়াও ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে টেকসই উদ্যোক্তায় পরিনত করার জন্য মধ্যম ও দীর্ঘমেয়াদি বিশেষায়িত প্রশিক্ষণ প্রদানের চাহিদা থাকলেও সে ধরনের প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হচ্ছে না ।

৮) এ প্রকল্পে শতভাগ মহিলা সুফলভোগী সদস্য নিয়ে প্রকল্প এলাকায় সমিতি গঠন করা হয়। এ সকল ঋণের কিস্তি পরিশোধের জন্য কিছু কিছু ক্ষেত্রে তাঁদের স্বামীর উপর নির্ভরশীল থাকতে হয় । সে ক্ষেত্রে মহিলা সুফলভোগী সদস্যদের জন্য প্রচলিত আইজিএ এর বাইরে নতুন নতুন বিকল্প কর্মসংস্থান সৃষ্টির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের ঘাটতি পরিলক্ষিত হয়েছে;

৯) একই এলাকার সুফলভোগী সদস্যগণ/মহিলাগণ একত্রিত হয়ে সমিতি গঠন করে বিধায় অনেক ক্ষেত্রে তাদের ঐ এলাকায় সামাজিক মর্যাদা, আর্থিক সক্ষমতা ও নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পাচ্ছে;

১০) পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্পে অনলাইন সফটওয়ারের (Web based softwere) মাধ্যমে প্রতিটি কার্যালয়ের ক র্মরত মাঠ সংগঠকগণ মাঠ পর্যায়ে কিস্তির টাকা আদায় করে ট্যাব-এ পোস্টিং প্রদান, তত্ত্বাবধান , মনিটরিং করছেন । এর মাধ্যমে ঋণ প্রদান ও আদায়ে স্বচ্ছতা নিশ্চিত হচ্ছে এবং মনিটরিং সহজতর হচ্ছে ।

১১) সুফলভোগী সদস্যদের উৎপাদিত পণ্য ভ্যালু চেইন ও মার্কেট লিংকেইজ এর উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। যাতে করে সুফলভোগী সদস্যগণ তাদের উৎপাদিত পণ্যের যৌক্তিক মূল্য প্রাপ্তি থেকে বঞ্চিত না হয়।

১৮.০ **সুপারিশমালাঃ**

প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে প্রকল্পের কার্যধারা বেগবান করা ও টেকসইকরণের লক্ষ্যে নিম্নরূপসুপারিশ সমূহ:

২) প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি অত্যন্ত সন্তোষজনক। কর্মীদের মধ্যে চমৎকার আন্ত:ব্যক্তিক সম্পর্ক ও টীম স্পিরিট পরিলক্ষিত হয়েছে। এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করা হলো;

৩) কারিগরি ও বৃত্তিমূলক বিষয়ে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। এক্ষেত্রে এলাকার চাহিদা নিরুপণ করে Need Based প্রশিক্ষণের বিষয় অন্তর্ভুক্ত করা যেতে পারে;

৪) পরবর্তীতে এধরনের প্রকল্প গ্রহণের সময় প্রশিক্ষণের বিষয় হিসেবে বিভিন্ন ট্রেড কোর্স যেমন, টেইলারিং, বিউটিফিকেশন, ইন্ডাস্ট্রিয়াল সুইং মেশিন, মোবাইল সার্ভিসিং, প্রাথমিক চিকিৎসা সেবা, ব্লক-বুটিক, নকসি কাঁথা, ভারমিন কম্পোস্ট ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

৫) প্রকল্পের আবর্তক ঋণ (RLF) এর মাধ্যমে আরও অধিক সংখ্যক দরিদ্র মানুষকে সেবা দেয়ার জন্য পর্যায়ক্রমে সুফলভোগী সদস্যের সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে ।তবে এক্ষেত্রে মান সম্পন্ন ও কার্যকর প্রশিক্ষণ ও ঋণ বিতরণের মধ্যে যথাযথ লিংক স্থাপন করতে হবে ।

৬) ধারাবাহিকভাবে উন্নতি হচ্ছে এমন সদস্যগণের চলতি ঋণের সমূদয় অর্থ পরিশোধ সাপেক্ষে পরবর্তীতে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যক্রমের আওতায় এনে ক্ষুদ্র উদ্যোক্তা কার্যক্রমের পরিধি বৃদ্ধি করা যেতে পারে পাশাপাশি ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে টেকসই উদ্যোক্তায় পরিনত করার জন্য মধ্যম ও দীর্ঘমেয়াদি বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান করতে হবে ।

৭) সুফলভোগী সদস্যগণের মাধ্যমে নিজ নিজ সমিতিতে গরু মোটাতাজাকরণ, দুগ্ধবতী গাভীপালন, ছাগল পালন, হাঁস পালন, মোরগ-মুরগী পালন, শাক সব্জী চাষ, মাছ চাষ, ক্ষুদ্র ব্যবসা ইত্যাদি আয়বর্ধনমূলক কর্মকান্ডে ঋণের টাকা শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে;

৮) সুফলভোগী সদস্যগণের মধ্য থেকে "প্যারাটেক ও প্যারাভেট " তৈরী করে তাঁদের মাধ্যমে অন্যান্য সুফলভোগী সদস্যদেরকে প্রয়োজনীয় সেবা প্রদান করা যেতে পারে;

৯) সুফলভোগী সদস্য ও ক্ষুদ্র উদ্দ্যোক্তাদের সামর্থ ও অর্থের যোগান বিবেচনা করে ঋণের সিলিং বৃদ্ধি করা যেতে পারে।

১০) স্বল্পমেয়াদি কর্মকান্ড যেমন নার্সারী, হস্তশিল্পজাত দ্রব্য, ফেরীওয়ালার ব্যবসা ইত্যাদি কার্যক্রম গ্রহণে সমিতির সদস্যদেরকে উৎসাহিত করতে হবে। তত্ত্বীয়ভাবে (Theoritical) প্রশিক্ষণের পাশাপাশি প্রদর্শনীমূলক/অন-সাইট প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

১১) জাতিগঠনমূলক সংস্থার সাথে নিয়মিত যোগাযোগের মাধ্যমে সরকারি/বেসরকারী বিভিন্ন সেবা গ্রহণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

১১) সুফলভোগী সদস্যদের উৎপাদিত পণ্য ভ্যালু চেইন ও মার্কেট লিংকেইজ এর উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। যাতে করে

সুফলভোগী সদস্যগণ তাদের উৎপাদিত পণ্যের যৌক্তিক মূল্য প্রাপ্তি থেকে বঞ্চিত না হয়।

১২) একই মন্ত্রণালয়ের অন্যান্য প্রকল্প অনুসরণ করে ঋণের সুদের হার ১০% এর কম নির্ধারণ, ঋণ প্রদানের পর কিস্তি আদায় শুরু হওয়ার মধ্যে কিছুটা সময় গ্রেস পিরিয়ড থাকা, গরু মোটাতাজাকরণ ও গাভী পালন সংক্রান্ত ঋণের ক্ষেত্রে মাসিক/সাপ্তাহিক কিস্তির পরিবর্তে এককালীন পরিশোধযোগ্য হওয়ার বিষয়টি বাস্তবতার নিরিখে বিবেচনার উদ্যোগ করা প্রয়োজন।

১৩) পরবর্তিতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে নিয়মিত ক্ষুদ্র ঋণ পরিশোধকারীদেরকে দক্ষ ও টেকসই ক্ষুদ্র উদ্যোক্তায় পরিণত করার বিষয়টি অধিকতর গুরুত্ব প্রদান করা বাঞ্চনীয় । এ বিষয়ে উদ্যোক্তা ঋণ হিসেবে সিংগেল ডিজিট ভিত্তিক সার্ভিস চার্জে বেশি পরিমাণ পুজি সরবরাহ করা প্রয়োজন, ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য মধ্যম ও দীর্ঘমেয়াদি বিশেষায়িত প্রশিক্ষন এবং উৎপাদিত পণ্যের যথাযথ মার্কেটিং লিংকেজ প্রতিষ্ঠান বিষয়টিকে প্রধান্য দেয়ার প্রয়োজন রয়েছে।

